

କୁରୁ ପାଣ୍ଡବ

ରବୀନ୍ଦ୍ରନାଥ ଠାକୁର

-କର୍ତ୍ତକ ସମ୍ପାଦିତ

কুরুপাণ্ডব

রবীন্দ্রনাথ ঠাকুর

-কর্তৃক সম্পাদিত



বিশ্বভারতী গ্রন্থনালিভাগ

কলকাতা

প্রকাশ : জ্যৈষ্ঠ ১৩০৮

পদ্মমূর্ত্ত্বণ : ১৩৪৫, ১৩৫২, ১৩৫৪, ১৩৬০, ১৩৬৫, ১৩৬৬

১৩৬৭, ১৩৬৮, ১৩৬৯, ১৩৭১, ১৩৭২, ১৩৭৩, ১৩৭৪, ১৩৭৫

পৌষ ১৩৭৬ : ১৪৯১ শক

③ বিশ্বভারতী ১৯৬৯

প্রকাশক বিশ্বভারতী গ্রন্থনির্বাচন
৫ স্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মুদ্রক শ্রীকালীচরণ পাল
নবজীবন প্রেস। ৬৬ প্রে স্ট্রীট। কলিকাতা ৬

বিজ্ঞাপন

কিছুকাল হইল আমার শ্রাতৃপ্তির কল্যাণীয় শ্রীমান সন্দেশনাথ মহা-
ভারতের মূল আধ্যানভাগ বাংলায় সংকলন করেন। তাহাকেই সংহত
করিয়া কুরুক্ষেত্রের যুদ্ধকাহিনী এই গ্রন্থে বর্ণিত হইয়াছে। আধুনিক
বাংলাসাহিত্যের উৎপত্তিকাল হইতেই সংস্কৃতভাষার সাহিত তাহার
ঘনিষ্ঠ সম্বন্ধ ঘটিয়াছে, এ কথা বলা বাহুল্য। এই কারণে যে বাংলা-
রচনারীতি বিশেষভাবে সংস্কৃতভাষার প্রভাবান্বিত তাহাকে আয়ত্ত
করিতে না পারিলে বাংলাভাষায় ছাত্রদের অধিকার সম্পূর্ণ হইতে
পারিবে না, ইহাতে সন্দেহ নাই। এই কথা মনে রাখিয়া শান্ত-
নিকেতন-বিদ্যালয়ের উচ্চতরবর্গের জন্য এই গ্রন্থখানিন প্রবর্তন হইল।
অন্যত্র অন্য বিদ্যালয়েও যদি ইহা ছাত্রদের পাঠ্যরূপে ব্যবহারযোগ্য
বলিয়া গণ্য হয়, তবে আমার শ্রম সার্থক হইবে।

২৫ বৈশাখ

১৩৩৮

রবীন্দ্রনাথ ঠাকুর

সূচীপত্র

ভূমিকা

৭

১	রাজকুমারদিগের বাল্যকীড়া—ভৌমের প্রতি দুর্বোধনের বিম্বেষ—দ্রোগাচার্যের নিকট অস্ত্রশিক্ষা—অস্ত্রশিক্ষার পরীক্ষা—কর্ণের আগমন	৮-১৫
২	পাঞ্চবিদিগের বারণাবতে গমন—জতুগ্রহদাহ— পাঞ্চবদ্দের পলায়ন—হিডিম্বার বিবাহ	১৫-২২
৩	পাঞ্চবদ্দের পাঞ্চলাদেশে গমন—দ্রৌপদীর স্বয়ংবর ও বিবাহ—খাণ্ডবপ্রস্ত্রে রাজ্যস্থাপন	২২-৩০
৪	ময়দানবের সভানির্মাণ—দুর্বোধনের বিম্বেষ— দ্যুতকীড়া—যুধিষ্ঠিরের পরাজয় ও বনগমন	৩০-৪৪
৫	যুধিষ্ঠির প্রভৃতির দ্বৈতবনে বাস—বিরাটরাজের গ্রহে অঙ্গাতবাস	৪৪-৫১
৬	কৌরববিদিগের সহিত বিরাটরাজের যুদ্ধ—অর্জুনের জয়লাভ	৫১-৬৩
৭	পাঞ্চবিদিগের আত্মপ্রকাশ—উত্তরার বিবাহ— ধ্যত্রাণ্তের সভায় দৃতপ্রেরণ	৬৩-৬৮
৮	উত্তরপক্ষের দৃতপ্রেরণ—কৌরবগণের রাজ্যদানে অস্বীকার—কর্ণ ও কুলতীর কথোপকথন	৬৮-৭৯
৯	যুদ্ধের উদ্যোগ—যুদ্ধার্থ যাত্রা	৭৯-৮৬
১০	ভৌমের সেনাপাতিহে যুদ্ধ-আবর্তন—ভৌমের শরশয্যা	৮৬-১০৫
১১	দ্রোগ অভিমন্যু জয়ন্তৰ কর্ণ শল্য দুর্বোধন প্রভৃতি বীরগণের যুদ্ধ ও মৃত্যু	১০৫-১৫১
১২	সকলের হস্তনাপ্তের গমন—যুধিষ্ঠিরের রাজ্যলাভ	১৫১-১৫২

ভূমিকা

কুরুবংশের মহারাজ শান্তনুর জ্যেষ্ঠপুত্র ভীম চিরকুমারৰ প্রত লইয়াছিলেন। এই কারণে পিতার মত্তুর পরে তাঁহার বৈমাত্রেয় কর্ণিষ্ঠ ভ্রাতা বিচ্ছিবীর্ঘ্যকে তিনি সিংহাসনের অধিকার ছাড়িয়া দিলেন। কিন্তু অল্পবয়সেই বিচ্ছিবীর্ঘ্যের মত্তু হইল।

তখন ভীম বিচ্ছিবীর্ঘ্যের দুই পুত্রকে স্বয়ং পালন করিতে লাগলেন। তাঁহাদের মধ্যে জ্যেষ্ঠ ধ্রুতরাষ্ট্র ছিলেন অন্থ, তাই তাঁহার ছোটো ভাই পাণ্ডুর হাতে রাজ্যভার পড়িল। তাঁহাদের আর এক ভাই ছিলেন। বিদ্যুর তাঁহার নাম, তিনি শুদ্ধামাতার গর্ভজাত।

ধ্রুতরাষ্ট্রের সহিত যাঁহার বিবাহ হইল তাঁহার নাম গান্ধারী, তিনি গান্ধারারাজ সন্দুলের কন্যা, রূপে গুণে যশস্বিনী। আর ভোজরাজের পালিতা কন্যা কুন্তীকে পাণ্ডু বিবাহ করিলেন। পাণ্ডুর স্বিতারী পত্নীর নাম মান্দ্রী, মন্দ্ররাজ শল্যের ভাগিনী।

বিবাহের কিছুকাল পরে পাণ্ডু মগ্নয়া করিতে বনে গেলেন, আর রাজ্য ফিরিলেন না। বনে তপস্যার রত হইলেন, দুই রানীও তাঁহার সঙ্গ ছাড়িলেন না।

বনে থাকিতেই তিনি দেবতার কৃপায় কুন্তীর গভের পাণ্ডুর তিনি পুত্র জন্ম লইলেন, ধর্মের বরে যথোধিষ্ঠির, পবনদেবের বরে ভীম ও দেবরাজ ইন্দ্রের বরে অর্জুন; অশ্বিনীকুমার-নামক যুগলদেবতার বরে মান্দ্রীর গভের দুই পুত্রের জন্ম হইল, তাঁহাদের নাম নকুল ও সহদেব।

ধ্রুতরাষ্ট্র-মহিষী গান্ধারী একশত পুত্র লাভ করিলেন, তাঁহাদের মধ্যে বড়ো দুইটির নাম দুর্যোধন ও দৃঃশ্যাসন। তাঁহার একটিমাত্র কন্যা দৃঃশ্যলা।

কুন্তী যখন কুমারী ছিলেন তখনি স্বর্যদেবের প্রভাবে বসুদেন নামে তাঁহার এক পুত্রের জন্ম হয়, কর্ণ নামেই তিনি বিখ্যাত। মাতা কর্তৃক পরিত্যক্ত হইয়া সারথ্যবসায়ী স্তুতজাতীয় অধিরথের গ্রহেই তিনি পুত্রবৎ পালিত হইয়াছিলেন।

ধ্রতরাষ্ট্রের প্রতি দুর্বোধন প্রভৃতি একশত ভ্রাতার সহিত বালককালে পান্ডুপুত্র যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল, সহদেবের সর্বদা ক্রীড়া কৌতুক চালিত। কিন্তু ভীমের বল এত অধিক ছিল যে তাঁহার পক্ষে যাহা ক্রীড়া ধ্রতরাষ্ট্রের প্রতিরোধের পক্ষে তাহা পীড়ার কারণ হইয়া উঠিল। তাহারা গাছে চাঁড়লে গাছে পদাঘাত করিয়া তিনি তাহাদিগকে শাখাচ্ছুত করিয়া দিতেন, জলক্রীড়াকালে তাহাদিগকে বলপূর্বক জলমগ্ন করিতেন, কেশাকর্ষণ করিয়া মাটিতে ফেলিতেন, দ্রাইজনকে পরস্পরের সহিত নিষেপণ করিতেন, এইরপে নানাপ্রকার উৎপন্নেন তিনি ধার্তরাষ্ট্রদের অপ্রিয় হইয়া উঠিলেন।

ভীমের বলদপে বিশেষভাবে দুর্বোধনের মনে অপ্রসন্নতা জমিল। ভীমকে বিনাশ করিবার জন্য তিনি মনে মনে এক উপায় স্থির করিলেন। গঙ্গাতীরে শিবিরস্থাপনপূর্বক একটি রমণীয় ক্রীড়াস্থান নির্মাণ করাইয়া ভ্রাতাদিগকে বলিলেন, “আইস, আমরা উপবনশোভিত গঙ্গাতীরে গিরা জলক্রীড়া করিব।”

যুধিষ্ঠিরপ্রমুখ পান্ডবগণ ইহাতে সম্মত হইয়া ক্রীড়াস্থানে উপস্থিত হইলেন। কিছুক্ষণ উদ্যানে ভ্রমণের পর তাঁহাদের আহার করিবার সময়ে দৃঢ়ত্বমতি দুর্বোধন ভীমসেনের আহার মিষ্টান্নে গোপনে বিষ মিশাইয়া দিলেন। অবশ্যে আহারের পর তাঁহাদের জলক্রীড়া আরম্ভ হইল।

স্বৰ্য যখন অস্ত গেল সকলে জল হইতে উঠিয়া বিশ্রামে মন দিলেন। কিন্তু এ দিকে ভীমসেন যে বিষজর্জর অবশ দেহে গঙ্গাতীরেই পড়িয়া আছেন তাহা দুর্বোধন ছাড়া আর কাহারো দৃঢ়িগোচর হইল না। ভীমের এই অবস্থা দেখিয়া হাত্তিচেতে সেই দুরাঙ্গা তাঁহাকে লতাপাশে বন্ধ করিয়া জলে নিষ্কেপ করিল।

নদীতলে নাগলোক আছে, সেখানে ভীম যখন উত্তীর্ণ হইলেন তখন নাগরাজ বাসুরিক চিনিতে পারিলেন যে, ইনি তাঁহারই দৌহিত্র কুণ্ঠীভোজের দৌহিত্র। তখন ভীমকে তিনি বিষের প্রভাব হইতে মুক্ত করিবার জন্য অম্বতপুর ভান্ড হইতে রসপান করাইলেন। ইহাতে শরীরের সমস্ত ক্রেশ অপহৃত হওয়ায় ভীমসেন নাগদণ্ড দিয়শয্যায় শয়ন করিয়া গভীর নিম্নামগ্ন হইলেন।

এ দিকে কৌরবেরা রাজধানীতে প্রত্যাগমনকালে দুর্বোধন ছাড়া আর সকলেই মনে ভাবিলেন ভীম তাঁহাদের অগ্রেই চাঁড়িয়া গিয়াছেন। যুধিষ্ঠির

মাতার পাদবন্দন করিয়া সর্বাগ্রে ভীমের আগমনসংবাদ জিজ্ঞাসা করিলেন। কুন্তীদেবী চমকিত ও ভীত হইয়া যুধিষ্ঠিরকে কহিলেন, “হায়, ভীমসেনকে তো আমি দেখি নাই, সে তো অগ্রে আসে নাই। অতএব যাও বৎস, অবিলম্বে তাহার সন্ধানে প্রবৃত্ত হও।”

ভীম অঞ্চল দিনে জার্গারত হইয়া গাত্রোথান করিলে নাগগণ নিকটে আসিয়া বলিল, “হে মহাবাহো, তুমি যে অমৃত পান করিয়াছ তাহাতে তোমার অ্যুত-গজোপম বল হইবে। এক্ষণে এই দিব্য জলে স্নান করিয়া গৃহে প্রতিগমন করো, তথায় তোমার অদর্শনে তোমার মাতা ও ভ্রাতৃগণ নিতান্ত কাতর হইয়া আছেন।”

এই উপদেশ অনুসারে ভীম স্নানবসানে শুক্রমাল্য ও শুক্রাম্বর পরিধান-পূর্বক বিগতকৰ হইয়া হট্টচিত্তে নাগগণের প্রজা গ্রহণ করিলেন এবং তাঁহাদিগকে আমন্ত্রণ করিয়া নাগলোক হইতে উত্থানপূর্বক অবিলম্বে জননীর নিকট উপস্থিত হইয়া সকলকে যথাযোগ্য অভিবাদন করিলে, পুত্রবৎসলা কুন্তী ও ভ্রাতৃগণ পরমানন্দে তাঁহাকে আলিঙ্গন করিলেন।

যুধিষ্ঠির ভীমের নিকট সমস্ত বৃত্তান্ত শুনিয়া কহিলেন, “ভ্রাতঃ, সাবধান, যেন এ কথা আর কাহারও নিকট প্রকাশ না পায়। অদ্যাবধি পরস্পরের রক্ষাধে আমাদিগকে বিশেষ বজ্রবান্ত থাকিতে হইবে।”

একদিন রাজকুমারগণ দলবন্ধ হইয়া ঝীড়াঝীয়ে নগরের বহির্দেশে উপস্থিত হইলেন। ঝীড়াকালে তাঁহাদের হস্ত হইতে এক গুলিকা জলহীন ক্ষেপের ঘণ্টে পর্ডিয়া গেল, তাহা উন্ধার করিবার অনেক চেষ্টা করিয়াও কুমারগণ কিছুতেই কৃতকার্য হইলেন না। এই নিষিক্ত দৃঢ়িথিত ও লজ্জিতভাবে তাঁহারা পরস্পরের মৃত্যুবলোকন করিতেছেন, এমন সময় দেখিলেন একটি কৃগকার শ্যামবর্ণ ব্রাহ্মণ সেই স্থান দিয়া চলিয়াছেন। ভগ্নেণ্টসাহ কুমারগণ তাঁহাকে বেষ্টন করিয়া গুলিকা উন্ধারের জন্য তাঁহার সাহায্য প্রার্থনা করিলেন।

ব্রাহ্মণ ঈষৎ হাসিয়া বলিলেন, “তোমাদের ক্ষমতাবলে ধিক্। যেহেতু তোমরা ভরতকুলে জন্মগ্রহণ করিয়াও এই সামান্য ক্ষেপ হইতে গুলিকা উঠাইতে পারিতেছ না।”

এই বলিয়া তিনি পুনরায় করিলেন, “তোমরা যদি আমাকে উন্নমরণে ভোজন প্রদান করো, তাহা হইলে আমি একমুষ্টি তৃণের সাহায্যে তোমাদের গুলিকা ক্ষেপ হইতে বাহির করিব।”

অনন্তর সেই ব্রাহ্মণ একমুষ্টি ঈষিকা গ্রহণ করিয়া প্রথমতঃ একটি ঈষিকার স্বারা গুলিকা বিন্দু করিলেন। পরে আর একটি ঈষিকার স্বারা পূর্ব-

ঈষিকা বিন্ধ করিলেন। এইরূপে কুমি একটির ম্বারা অপরটি বিন্ধ করিয়া এই ঈষিকা-পরম্পরায়োগে গুলিকা উদ্ধার করিলেন। কুমারগণ বিস্ময়-বিস্ফারিত লোচনে এই আশ্চর্য কৌশল নিরীক্ষণ করিতে লাগিলেন, এবং গুলিকা পাইয়া তাঁহারা ব্রাহ্মণকে প্রণামপ্রবর্ক কহিলেন, “হে দ্বিজোত্তম, আপনি কে। অন্য কাহাতেও এরূপ দক্ষতা দেখা যায় না। আপনার কী প্রত্যুপকার করিব অনুমতি করুন।”

ব্রাহ্মণ কহিলেন, “তোমরা মহামৰ্মতি ভীষ্মের নিকট আমার বর্ণনা করিয়ো, তিনি নিশ্চয়ই আমায় চিনিতে পারিবেন।”

ভীষ্ম এই ব্রাহ্মণের পরিচয় পাইয়া তাঁহাকে কহিলেন, “হে বিপ্রবৰ্দ্ধ, অনুগ্রহপ্রবর্ক এইখানেই অবস্থিতি করুন। আমাদের ভাগ্যবলেই আপনি এ সময়ে উপস্থিত হইয়াছেন। এ রাজ্যের সমস্ত ভোগ্যবস্তু অতঃপর আপনারই অধীন জানিবেন।”

দ্রোগাচার্য ভীমকৃতক সৎকৃত হইয়া রাজ্যবনে কিয়ৎকাল বিশ্রাম করিলে, প্রচুর অর্থের সহিত কোরবকুমারদিগকে তাঁহার হস্তে সমর্পণ এবং তাঁহার বাসের জন্য এক উপযুক্ত গ্রহ নির্দেশ করা হইল।

দ্রোগ শিক্ষাকার্য আরম্ভ করিলে স্তুপালিত কুণ্ঠীপুর বস্তুসেন (যিনি পরে লোকমধ্যে কৰ্ণ নামে খ্যাত হইয়াছিলেন) তাঁহার শিষ্যদলভুক্ত হইলেন। সমাগত শিষ্যামণ্ডলী-মধ্যে ভূজবলে উদ্যোগে এবং ধনুবৰ্দ্ধেশিকায় অর্জুন কুমি আচার্যের সমকক্ষ হইয়া উঠিলেন। একমাত্র কৰ্ণই তাঁহার সহিত স্পর্ধা করিতে সাহস করিতেন।

অনন্তর শিষ্যাগণ প্রত্যেকে সাধ্যমত বিদ্যালাভ করিয়াছেন বিবেচনা করিয়া আচার্য একদিন রাজসভায় উপস্থিত হইয়া সমবেত ভীষ্ম ব্যাস বিদ্যুর কৃপ প্রভৃতির সমক্ষে ধ্রুতরাষ্ট্রকে বলিলেন, “মহারাজ, কুমারগণ সকলেই বিবিধপ্রকার অন্তর্শিক্ষার কৃতিবিদ্য হইয়াছেন, অনুমতি হইলে তাঁহারা একেবারে বিদ্যার পরিচয় দিতে পারেন।”

দ্রোগবাক্যে পরম পরিতৃপ্তি হইয়া ধ্রুতরাষ্ট্র বলিলেন, “হে দ্বিজশ্রেষ্ঠ, আপনি আমাদের এক মহৎ কর্ম সাধন করিলেন। এক্ষণে কিরূপ রঙগভূমিতে কুমারদিগের শিক্ষার উন্নমনে পরীক্ষা হইতে পারে তাহা আজ্ঞা করুন। অদ্য আমার চক্ষ নাই বলিয়া ঘথাথাই কষ্টবোধ হইতেছে, যাহা হউক পরীক্ষার ব্যাপারে শুনিতে উৎসুক হইয়া রহিলাম।”

এই বলিয়া ধ্রুতরাষ্ট্র সম্মানোপর্বিষ্ট বিদ্যুরকে কহিলেন, “হে ধর্মবৎসল, আচার্য দ্রোগ আমাদের পরম উপকার সাধন করিয়াছেন। এক্ষণে তাঁহার উপদেশ

অনুসারে অস্ত্রকোশল পরিদর্শনের উপযুক্ত রংগস্থলের আয়োজন করো।”

বিদ্যুর রাজাজ্ঞা শিরোধারণ করিয়া দ্রোণের অভিপ্রায় অনুসারে অবিলম্বে কাষে’ প্রবৃত্ত হইলেন। তরুগুল্মে-বিহীন একটি সূপরিচ্ছম সমতল ক্ষেত্রে রঙভূমির সীমা পরিমাপ করা হইল। নির্দিষ্ট ভূমির এক পাশে’ রাজ-শিক্ষিগণ অতি বিস্তীর্ণ দর্শনাগার ও তাহার মধ্যে মহিলাদের অবলোকনের জন্য সুরক্ষ্য গৃহসকল প্রস্তুত করিল। প্রবাসীরাও নিজ নিজ সামর্থ্য অনুসারে চতুর্দিকে অতুচ্ছ মণ্ড ও মহামূল্য পটবাসসকল স্থাপন ও সুসজ্জিত করিতে লাগিল।

অনন্তর পরীক্ষার নির্দিষ্ট দিন উপস্থিত হইলে মহারাজ খ্রতরাঞ্চ অন্তর্গতসহ কৃপাচার্য ও ভীমকে সম্মুখীন করিয়া মৃক্তজালসমলংকৃত বৈদ্যু-মাণি-শোভিত সূর্যময় এক দর্শনাগারে প্রবিষ্ট হইলেন। মহাভাগা গার্থারী কুন্তী ও অন্যান্য রাজমহিলাগণ মহামূল্য পরিচ্ছদ পরিধান করিয়া দাসীগণ-পরিবেষ্টিত হইয়া নির্দিষ্ট গৃহে গমন করিলেন। রাজধানী হইতে চতুর্বর্ণের নানাবিধ লোক রাজকুমারগণের অস্ত্রশিক্ষাদর্শনাথী’ হইয়া দ্রুত আগমন করিতে লাগিল। ক্রমে রঙগস্থলে প্রবেশাথী’র আর সংখ্যা রাখিল না। অভ্যাগতদের কোলাহলে সে স্থান উচ্ছলিত মহাসমুদ্রের ন্যায় ধৰ্মনত হইতে লাগিল।

নিরূপিত সময় আগতপ্রায় হইলে বাদকবন্দ মন্দিরদল রবে বাদন আরম্ভ করিয়া দর্শকমণ্ডলীর কৌতুহল পরিবর্ধন করিতে লাগিল। ইত্যবসরে শুক্রান্বরধারী শুক্রশমশ্ৰ-শুক্রচন্দনানুলিপ্ত-কলেবর মহাতেজা দ্রোগাচার্য প্রতি অশ্বথামার সহিত রঙগমধ্যে প্রবেশ করিয়া পুরোহিতের দ্বারা মাগর্গলিক ক্রিয়ার অনুষ্ঠান করাইতে লাগিলেন। প্রণ্যকর্মসমাপনাক্ষেত্রে অনুচ্চরণগ্র’ অস্ত্রশস্ত্র-আননন্দপূর্বক ঘথাস্থানে স্থাপন করিল।

অনন্তর মহাবীর্য রাজপুত্রগণ অঙ্গর্লিতে অঙ্গর্লিত বন্ধনপূর্বক বন্ধত্বণ ও বন্ধপরিকর হইয়া ঘৃথিষ্ঠিতরকে অগ্রে করিয়া জ্যেষ্ঠ-কনিষ্ঠ-ক্রমে হস্তে ধনৰ্ধারণপূর্বক রঙগস্থলে প্রবেশ করিলেন।

প্রথমে কুমারগণ নানাবিধ অন্তর্নিষ্কেপপূর্বক স্ব স্ব হস্তলাঘব দেখাইতে লাগিলেন। চতুর্দিকে ক্ষিপ্যমাণ অস্তসকল দৈখিয়া অনেকে ভয়ে মস্তক অবনত করিয়া ফেলিল। অর্জুনের অন্তর্ভুত ক্ষমতা সকলেরই দ্রষ্টি আকর্ষণ করিতে লাগিল।

পরে কুমারগণ বেগবান্ত তুরঙগমে আরোহণপূর্বক কখনও স্বনামাঙ্কিত বাণবারা লক্ষ্যভেদ করিয়া, কখনও বা তীরের দ্বারা অস্থির লক্ষ্য পাত করিয়া বিশেষ প্রশংসা লাভ করিলেন।

তৎপরে তাঁহারা রথারোহণপূর্বক পরম্পরকে মণ্ডলাকারে প্রদৰ্শন করিয়া অশ্বচালনা-কৌশল দেখাইলেন।

পরে অসিচৰ্ম ধারণপূর্বক কেহ অশ্বে কেহ বা গজে আরুচ হইয়া পরম্পর দ্বন্দ্বযুদ্ধ করিলেন। ভ্রাম্যাণ শার্ণত তরবারির রশ্মিজাল চতুর্দিশকে বিকীর্ণ হইয়া অপূর্ব শোভা ধারণ করিল। দর্শকমণ্ডলী প্রচুর সাধ্যবাদ প্রদান করিতে লাগিলেন।

অনন্তর গদাযুদ্ধ আরম্ভ হইলে ভীম ও দুর্যোধনকে পরম্পরকে বামে রাখিয়া মণ্ডলাকারে পরিষ্কারণ করিতে দেখা গেল। দৃষ্টি তুলাবীর ভীম ও দুর্যোধন পরম্পরের সাহিত স্পর্ধাপূর্বক গদাযুদ্ধ আরম্ভ করায় তাঁহাদের প্রতি দর্শকবৃন্দের মনোযোগ আকৃষ্ট হইল। দৃষ্টি দল দৃষ্টি পক্ষ অবলম্বন করিয়া কেহ 'হা দুর্যোধন', কেহ বা 'হা ভীম', বলিয়া স্ব স্ব পক্ষকে উৎসাহ দান করিয়া মহা কোলাহল বাধাইয়া তুলিল। পাছে 'ইহাতে উত্তেজনাবশে যোদ্ধাদের ক্ষেত্রে উদ্বেক হয়, সেই নিমিস্ত ধীমান্ দ্রোগ দৃষ্টি বীরকে নিবারণ করিবার জন্য অশ্বথামাকে যুদ্ধস্থলে প্রেরণ করিলেন। অশ্বথামার চেষ্টায় ভীম ও দুর্যোধন নিরস্ত হইলেন।

অনন্তর দ্রোগ বাদ্যধর্মনি নিবারণপূর্বক রঙগ্রাঙ্গণে দণ্ডায়মান হইয়া কহিলেন, "হে দর্শকগণ, আমার শিষ্যদের বিদ্যা ও কৌশল তোমাদের নিকট প্রদর্শিত হইল। ইঁহাদের মধ্যে আমি অর্জুনকেই সর্বশ্রেষ্ঠ জ্ঞান করি, অতএব তোমরা বিশেষরূপে তাঁহাকে দর্শন করো।"

তখন অর্জুন আচার্যের আদেশস্থলে গোধিকা-চর্মের অঙ্গুলিত্রাণ ও কাণ্ডন-ময় কবচ পরিধানপূর্বক ধনূর্বণ লইয়া রঙগ্রাঙ্গণে একাকী অবতীর্ণ হইবামাত্র তুম্ভ শওথধর্মনি ও বাদ্যযন্ত্র হইল।

ইনি শ্রীগান কৃত্তীনন্দন।—ইনি তৃতীয় পাণ্ডব।—ইনি দেবরাজ ইন্দ্র-দন্ত পুত্ৰ—ইনি শ্রেষ্ঠ অস্ত্রবেত্তা।—ইনি কৌরবদের রক্ষক হইবেন।—প্রভৃতি প্রশংসাধর্মনি চতুর্দিশক হইতে উথিত হইতে লাগিল। পুত্রের স্বীকৃতি-ঘোষণায় কৃত্তী অশেষ প্রীতি লাভ করিলেন।

এই-সকল মহৎকার্য সমাপনাল্লেত সভা যখন উগ্নপ্রায়, বাদ্যকোলাহল নিষ্ঠত্ব এবং দর্শকবৃন্দ নির্গমনোক্তুখ, সেই সময়ে রঞ্জতুর্মির স্বারদেশে সহসা কিরণি চগ্নিতা অন্তর্ভুত হইল এবং কোনো বীরপুরুষের বাহবাহ্যেন্দ্রনশৰদ শূন্য গেল। স্বারের দিকে সকলের কৌতুহলদণ্ডিত নিষ্কিপ্ত হইল। পঞ্চ-পাণ্ডববেষ্টিত দ্রোগাচার্য দণ্ডায়মান হইয়া সে দিকে নিরীক্ষণ করিতে লাগিলেন।

স্বারের নিকটস্থ সকলে পথ মুক্ত করিলে মহাবীর স্তুতন্দন কর্ণ সহজাত দিবা কবচ ও কুণ্ডলে শোভমান হইয়া রংগমধ্যে প্রবেশপূর্বক সগবে ইতস্ততঃ দৃঢ়িতপাত করিয়া স্বষ্টি অবহেলাভৱে দ্রোণ ও কৃপ আচার্যবৰাকে অভিবাদন করিলেন। সভাস্থ সকলে এই স্বর্ণসদৃশ দীর্ঘিতমান বীরের পরিচয় জানিবার জন্য ব্যগ্র হইয়া উঠিলেন।

অনন্তর কর্ণ অজ্ঞাতদ্রাতা অর্জুনকে সম্বোধন করিয়া বালিলেন, “তুমি মনে করিতেছ একমাত্র তুমিই এই-সকল স্তুতির অধিকারী, কিন্তু বিস্মিত হইয়ো না, আমিও এই-সমস্ত অন্ধুত কর্ণ সাধন করিব।”

দূর্যোধন এতক্ষণ অর্জুনের অজ্ঞ প্রশংসাবাদে অতিশয় দীর্ঘান্বিত হইতে ছিলেন, এক্ষণে তাঁহার উপযুক্ত প্রতিপক্ষ উপস্থিত হওয়ায় অন্তর্ম্মপ হর্ষযুক্ত হইলেন। লোকসমক্ষে রূচি বাক্য-শব্দণে অর্জুনের একান্ত লজ্জা ও ক্রোধের উদ্বেক হইল।

কর্ণ স্বীয় অঙ্গীকার অনুসারে অর্জুনকৃত সমস্ত কাষ সুসম্পন্ন করিয়া দর্শকবৃন্দকে চমৎকৃত করিলে দূর্যোধন আনন্দের উচ্ছবসে থার্কিতে না পারিয়া কর্ণকে আলিঙ্গনপূর্বক করিলেন, “হে বীরবৰ, তোমার অন্ধুত কৌশল দেখিয়া অদ্য আমরা অত্যন্ত প্রীত হইলাম।”

কর্ণ বালিলেন, “প্রভো, বোধ করি আমি অর্জুনকৃত সর্বপ্রকার কাষই সম্পাদন করিয়াছি, এক্ষণে স্বল্পযুক্তি করিয়া অর্জুনের শ্রেষ্ঠত্বের প্রকৃত পরীক্ষা করিতে ইচ্ছা করি।”

কর্ণের স্পর্ধায় ও দূর্যোধনের অনুমোদনে অর্জুনের রোধের আর সীমা রাখিল না। তিনি কর্ণকে সম্বোধনপূর্বক দূর্যোধনকে উদ্দেশ করিয়া বালিলেন, “হে স্তুপুত্ৰ, যাহারা অনাহত সমক্ষে উপস্থিত হয়, এবং অবাচিত বাক্য-বিন্যাস করে, তাহারা যে লোকে গমন করে, অদ্য আমার হস্তে প্রাণত্যাগ করিয়া তুমি সেই লোকে গমন করিবে।”

কর্ণ উত্তর করিলেন, “হে অর্জুন, এই রংগভূমি যোদ্ধামাত্রেই অধিকৃত, ইহাতে কাহাকেও আহবান বা নিবারণ করা সম্বন্ধে তোমার কোনো প্রভুতা নাই।”

অনন্তর অর্জুন দ্রোণের অনুরূপ প্রাপ্ত হইয়া এবং ভ্রাতৃগণ কর্তৃক উৎসাহিত হইয়া যুদ্ধার্থে কর্ণের দিকে অগ্রসর হইলেন।

সভাস্থ সকলেই মনে মনে দ্বিঃ দলে বিভক্ত হইয়া পার্শ্বলেন; দ্রোণ কৃপ ও পাণ্ডবপ্রাতগণ অর্জুনের পক্ষ এবং ধার্তৰাষ্ট্র শতস্ত্রাতা ও অশ্বথামা কর্ণের পক্ষ লইলেন।

দৃঢ় পুত্রের মধ্যে আসন্ন সাঞ্চারিক যন্ত্রসম্ভাবনায় কৃতী মনের আবেগে একেবারে সংজ্ঞাহীন হইয়া পড়লেন। কুশলী কৃপাচার্য সম্মহ বিপদ বৃংখয়া যন্ত্রনিরাবরণ-কামনায় কর্ণকে বললেন, “হে বসুসেন, অঙ্গাতকুলশীল ব্যক্তির সহিত রাজকুমারের তো যন্ত্র করিবার নিয়ম নাই। তোমাকে সকলে স্তু-পালিত বলিয়া জানে, স্তুপুত্রের সহিত রাজপুত কী প্রকারে যন্ত্র করিবেন। তবে হে মহাবাহো, তুমি যদি তোমার প্রকৃত পিতামাতার নামোন্নেথপূর্বক কোন্ রাজবংশকে তুমি অলংকৃত করিয়াছ তাহা আমাদের নিকট জ্ঞাপন করো, তাহা হইলে পাণ্ডুলিঙ্ঘ অর্জুন অনায়াসেই তোমার প্রতিযোগ্য হইতে পারেন।”

এইরূপে অভিষিত হইলে কর্ণ স্বীয় কুলশীল না জানায় লজ্জায় অধোবদন হইয়া রহিলেন। দুর্যোধন স্বীয় শরণাগত বীরের অবমাননা সহ্য করিতে না পারিয়া উত্তর প্রদান করিলেন, “হে আচার্য, আমি তো জানিতাম যে, বীরের সহিত বীরমাত্রই যন্ত্রের অধিকারী। যাহা হউক অর্জুন যদি রাজা ব্যতীত অন্যের সহিত যন্ত্র না করেন, তবে আমি এইক্ষণেই বসুসেনকে অঙ্গরাজ্যে অভিষিক্ত করিতেছি।”

এই বলিয়া তিনি তৎক্ষণাত স্বৰ্ণপীঠ আনয়নপূর্বক তদ্পরি কর্ণকে উপবিষ্ট করাইয়া, মন্ত্রবিদ্ ব্রাহ্মণগণকে আহবানপূর্বক লাজ কুসুম ও স্বৰ্ণ দ্বারা তঁহাকে যথার্বিধি অঙ্গরাজ্যে অভিষিক্ত করিলেন।

দারুণ অবমাননাকালে এইরূপে মর্যাদা রক্ষা হওয়ায় কর্ণ দুর্যোধনের প্রতি যৎপরোনাস্তি কৃতজ্ঞ হইলেন। তঁহাকে সম্বোধন করিয়া বললেন, “মহারাজ, রাজ্যদানের অনুরূপ তোমার কোনো প্রত্যপকার করিবার আমার সাধ্য নাই। তবে আমার সাধ্য অনুসারে যাহা বলিবে, আমি তাহাই করিতে প্রস্তুত আছি।”

দুর্যোধন প্রীতিসহকারে কহিলেন, “হে অঙ্গরাজ, এক্ষণে তোমার সহিত চিরস্থি স্থাপন করিবার ইচ্ছা করি।”

কর্ণ ‘তথাস্তু’ বলিয়া তাহা স্বীকার করিলেন এবং যাবজ্জীবন ক্ষণকালের নিমিত্তও এ প্রতিজ্ঞার তিনি অন্যথাচরণ করেন নাই।

এই সময়ে রাজসূত অধিরথ অর্জুনের সহিত কর্ণের বিবাদের কথা শ্রবণ করিয়া যন্ত্রনিরাবরণ-উদ্দেশ্যে ঘর্মাঞ্জিকলেবর ও স্থালিতোত্তুরচ্ছদ হইয়া সহসা রঞ্জনমধ্যে প্রবেশ করিলেন। মহাবীর কর্ণ পিতৃতুল্য সারাথির গৌরব-রক্ষাথ্ শৰাসন পরিত্যাগপূর্বক তঁহাকে সভাস্থ সকলের সমক্ষে প্রণাম করিলেন। অধিরথ কর্ণকে অক্ষত দেখিয়া আনন্দভরে তঁহাকে পুঁজসম্বোধনপূর্বক তঁহার অভিষেকান্ত মস্তক পুনর্বার আনন্দাশ্রূপাতে অভিষিক্ত করিলেন।

ইহা অবলোকন করিয়া ভীমসেন বিদ্রুপবাক্যে কহিলেন, “হে সূতনন্দন, যুদ্ধক্ষেত্রে অর্জুনের মতো বীরের হস্তে প্রাণবিসর্জন করিতে আসা তোমার পক্ষে স্মরণ্তির কাষ” হয় নাই। কৃকুল যেমন ঘজ্জীয় হৰি সেবনের অনুপম্যুক্ত, তোমাকে তেমনি অঙ্গরাজ্য শোভা পাই না। তোমার পক্ষে কুলোচিত বল্গা-গ্রহণই শ্রেয়স্কর।”

এই উদ্ধতবাক্যে কর্ণ ক্লেধে অধীর হইলেন, তাঁহার অধর কম্পত হইতে লাগিল, কিন্তু বহুক্ষেত্রে আঞ্চলিক পূর্বক তিনি অস্তাচলগামী সূর্যকে একদ্রষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন। কিন্তু অসহিষ্ণু দ্বৰ্যোধন ভীমের শ্রেষ্ঠবাক্যে সহসা উত্থিত হইয়া কাহিলেন, “হে ভীম, এ অশিষ্ট উষ্ণ তোমার উপযুক্ত হয় নাই। শ্রফ্যবনের বলই শ্রেষ্ঠ। যিনি নিজবলে সমস্ত পৃথিবী জয় করিতে সমর্থ, তাঁহার পক্ষে অঙ্গরাজ্য তো সামান্য। বসন্তেন যেরূপ সহজাত কুণ্ডল ও কবচে শোভমান, তাহাতে তিনি সামান্য বংশসম্ভূত নহেন বলিয়া বিলক্ষণ প্রত্যয় হয়। যাহা হউক বসন্তেনের অঙ্গরাজ্য-প্রাপ্তি সম্বন্ধে যাঁহার বিশ্বেষ থাকে, তিনি আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হউন।”

এই বাক্যে সভাস্থ অনেকে ‘ধন্য ধন্য’ করিল।

এই সময়ে স্বর্ণস্ত হওয়ায় সেদিনকার অন্তপরীক্ষাব্যাপার সমাধা হইল। দ্বৰ্যোধন কর্ণের হস্তধারণপূর্বক রংগস্থল হইতে নিঙ্কালত হইলেন। পাণ্ডবগণ দ্রোগ ও ভীমের সহিত স্ব স্ব গৃহে গমন করিলেন। সভাভঙ্গ হইলে পৌরগণ কেহ অর্জুনের, কেহ কর্ণের, কেহ দ্বৰ্যোধনের প্রশংসা করিতে করিতে প্রস্থান করিল।

২

এ দিকে পৌরগণ পাণ্ডবদিগণকে অশেষগুণসম্পন্ন দেখিয়া সর্বদাই তাঁহাদের গৃণকীর্তন করিত। সভায় বা চতুরে যেখানে জনকতক একগ্রহণ হইত সেখানেই পাণ্ডবদের রাজ্যপ্রাপ্তি সম্বন্ধে আলোচনা হইত।

এই-সকল কথোপকথন ক্রমে দ্বৰ্যোধনের কর্ণগোচর হওয়ায় তিনি যৎপুরোনাস্তি ক্ষুধ্য ও ঈর্ষান্বিত হইলেন এবং সহস্র ধ্যানাশ্ট্রের নিকট উপস্থিত হইয়া বলিলেন, “হে পিতঃ, পৌরগণ আপনাকে ও ভীমকে অতিরুম্ভ করিয়া ষণ্ঠিপ্রিয়রকে রাজ্য দিবার পরামর্শ” করিতেছে। শুনিতে পাই ইহাতে রাজ্যপরামুখ ভীমেরও সম্মতি আছে। এ বিষয়ে উদাসীন থাকিলে আর নিষ্ঠার নাই।”

পুত্রের কাতরোক্তি শ্রবণে ধ্রুতরাষ্ট্র দোলাচলচিত্ত হইলেন, কিন্তু তথাপি অধর্মভীতিনিবন্ধন কোনো কার্য করিলেন না।

কিন্তু দূর্যোধন নিশ্চিন্ত রাহিলেন না। তিনি বন্ধু কর্ণ ও মাতুল শুকুনির সহিত মন্ত্রণা করিয়া পুনরায় ধ্রুতরাষ্ট্রের নিকট আসিয়া বলিলেন, “হে তাত, আপনি পাণ্ডবগণকে কোনো সৰ্বনিপত্ন উপায়ে কিয়ৎকালের নির্মিত বারণাবত নগরে প্রেরণ করুন। এক্ষণে সম্ভব্য ধন ও অমাত্যবর্গ আমারই অধীন, আমি ইত্যবসরে উপযুক্ত উপায়ে পৌরগণকে বশীভৃত করিয়া সাম্রাজ্য হস্তগত করিলে পর অনায়াসে আশঙ্কাশূন্য হইয়া তাঁহাদিগকে ফিরাইয়া আনিতে পারেন।”

ধ্রুতরাষ্ট্র এই-সকল ঘৃষ্টি সর্বদাই অল্পতৎকরণে আলোচনা করিতে লাগিলেন। দূর্যোধনও কায়সিস্মিধি উপলক্ষে প্রজাবর্গকে ধন-মান-ম্বারা বশীভৃত করিতে যত্নবান হইলেন। অবস্থা যখন অন্তর্কল বিবেচিত হইল তখন একদিন পূর্ব-পরামর্শ অন্তসারে মন্ত্রণাকুশল জনেক অমাত্য রাজসভায় সকলের উপস্থিতিতে বলিতে লাগিলেন, “বারণাবত নগর অতি বহু ও পরম রমণীয় স্থান। তথায় ভগবান ভবানীপূর্ণ প্রতিষ্ঠিত আছেন, এই সময়ে তাঁহার পূজনার্থে নানা দিগন্দেশ হইতে জনসমাগম হইবে।”

এই প্রশংসনাবাক্য শুনিয়া বারণাবত দর্শন করিবার ইচ্ছা পাণ্ডবদের মনে উদয় হইল। ধ্রুতরাষ্ট্র তাহাদের কৌতুহলের উদ্দেশ্যে বৰ্ণিতে পারিয়া দূর্যোধনের প্রীতিসাধনমানসে প্রবৃত্ত হইয়াও অধর্মভয়ে সংকুচিত হইয়া কুণ্ঠতালতৎকরণে তাঁহাদিগকে উৎসাহ দান করিয়া বলিলেন, “বৎসগণ, সকলেই আমার নিকট বারণাবতের প্রশংসন করে, অতএব ইচ্ছা হয় তো কিছুদিন তথায় কালযাপন করিয়া আসিতে পারো।”

ধীমান ঘৃধিষ্ঠিত ধ্রুতরাষ্ট্রের ভাবে কোনো একটা দ্রুতিসম্বিধি সন্দেহ করিলেন, কিন্তু নিজেকে নিরূপায় বোধে ‘তথাস্তু’ বলিয়া তাহা স্বীকার করিলেন।

এই ঘটনায় দূর্যোধনের আনন্দের সীমা রাহিল না। তিনি ইতিপূর্বেই ধ্রুতরাষ্ট্রের অভ্যাতসারে এক অতি ঘোর পাপাভিসম্বিধি মনে পোষণ করিতে-ছিলেন, তাহা এক্ষণে কার্যে পরিগত করিবার সূচোগ পাইলেন। পুরোচন নামে এক দুর্মৰ্তি সচিবকে আহবান করিয়া দূর্যোধন তাহাকে কর্তৃতে লাগিলেন, “হে পুরোচন, পাণ্ডবগণ পাশ্চাপ্ত-উৎসবে বিহারার্থ বারণাবত নগরে গমন করিবেন। তুমি দ্রুতগামী অশ্বতরযোজিত রথে অদ্যই তথায় গমন করো। নগরের প্রান্তদেশে শণ সর্জরস জতুকাঞ্চ প্রাহৃতি যাবতীয় অগ্নিভোজ

দ্ব্য স্বারা একটি সুদৃশ্যন চতুঃশালাগ্রহ নির্মাণ করাইবে। শৰ্ণিকায় প্রচুর পরিমাণে তৈল ও লাক্ষাদি সংযোগ করিয়া তাহা স্বারা ঐ গ্রহের ভিত্তি লেপন করাইবে। চতুর্দিকে বিবিধ আগ্নেয় দ্ব্য গৃস্তভাবে রক্ষা করিবে। পাণ্ডবেরা বারণাবতে উপস্থিত হইলে সুযোগ বৃক্ষবিহীন পরম সমাদরে তাঁহাদিগকে তথায় বাস করিবার জন্য অভ্যর্থনা করিবে। এবং দিব্য আসন ধান ও শয়া প্রদানে পরিতৃষ্ট করিবে। কিছুকাল পর তাঁহারা আশ্বস্তচিত্তে তথায় বাস করিতে আরম্ভ করিলে রাত্রিকালে ঐ গ্রহে অগ্নিসংঘোগপূর্বক উৎহাদিগকে ধ্বংস করিবে। সাবধান, যেন পিতা এবং পুরুষাসিগণ ইহাকে অকস্মাত অগ্নি বলিয়া মনে করেন—যেন পাণ্ডববধ-জনিত কলঙ্ক আমাদিগকে স্পর্শ না করে।”

পাপাঞ্চা পুরোচন এই কথায় সম্মত হইয়া তৎক্ষণাত দ্রুতগতিন্মে বারণাবতে উপস্থিত হইয়া জতুগ্রহনির্মাণকার্য আরম্ভ করিল।

অনন্তর শৰ্ণিদিবসে পাণ্ডবদের যাত্রার জন্য বায়ুবেগগামী সদৃশব্যৱস্তু রথ প্রস্তুত হইল। তাঁহারা মাত্রগণকে প্রদক্ষিণপূর্বক তাঁহাদের নিকট বিদায় লইলেন এবং প্রজাগণকে বিনয়নন্ত বচনে সাদরসম্ভাষণ করিয়া রথারোহণপূর্বক যাত্রা আরম্ভ করিলেন।

অনন্তর অষ্টম দিবসে মাত্সহ পাণ্ডবগণ বারণাবতে উপস্থিত হইলেন।

পুরোচন তাঁহাদের সেবার্থে অত্যুৎকৃষ্ট ভক্ষ্য পোর আসন ও শয়া প্রভৃতি সকল প্রকার রাজভোগ্য দ্ব্য প্রস্তুত রাখিয়াছিল। সেই দ্বারাঞ্চাকৃত ক সংকৃত ও প্রজাগণল্বারা প্রজিত হইয়া পাণ্ডবগণ দশ দিন ঐ স্থানে অবস্থান করিলেন।

একাদশ দিবসে পুরোচন স্বীর গার্হিত অভিসার্থিসার্থির নির্মিত তাঁহাদিগকে সাদর নিমজ্জনে জতুগ্রহে বাসার্থে লইয়া গেল।

গ্রহে প্রবেশ করিয়াই যদ্যধিষ্ঠির ভীমকে বলিলেন, “দ্রাতঃ, আমি নিঃসন্দেহ এই গ্রহে ঘৃত ও জতুমিশ্রিত বসা-গন্ধ পাইতেছি। এই দেখো কোনো নিপত্ন শিখপী ঘৃতাঙ্গ মুঝে বল্বজ ও বংশ প্রভৃতি আগ্নেয় দ্ব্যসম্মতে এই গ্রহ নির্মাণ করিয়াছে। অহো, দুর্যোধনের কী ক্ষেত্র অভিপ্রায়। আমি একগে প্রত্যক্ষবৎ উহার সমস্ত কোশল অবগত হইতেছি। সে পুরোচনের স্বারা আমাদিগকে এই গ্রহের সহিত দণ্ড করিবার সংকল্প করিয়াছি।”

ভীম স্তম্ভিতের ন্যায় এই-সকল যদ্যন্তি শৰ্ণিয়া করিলেন, “হে আর্য, যদি এই গ্রহ স্পষ্টই আগ্নেয় বলিয়া বোধ হয়, তবে আর এখানে কালীবিলম্ব করিবার কী প্রয়োজন। চলো, আমরা যেখানে ছিলাম সেখানেই ফিরিয়া যাই।”

যদ্যধিষ্ঠির করিলেন, “হে ব্ৰহ্মদূত, বিবেচনা করিয়া দৰ্শিলে আমাদের

এখনেই বাস করা কর্তব্য। নরাধম পূরোচন যদি ব্যক্তিতে পারে যে, আমাদের মনে সল্লেহ জন্মিয়াছে, তাহা হইলে সে আমাদিগকে তদন্তে দণ্ড করিবে, কারণ সে দুর্ভীতির অধৰ্ম বা লোকনিষ্ঠা কিছুরই ভয় নাই। এই জতুগ্রহের মধ্যে বিবর খনন করিয়া রাণ্ডিকালে গোপনভাবে সেখানে বাস করিলে অগ্নি হইতে আর আমাদের কোনো ভয় থাকিবে না।”

এই সময়ে বিদ্রূপেরিত এক বিশ্বাসী ব্যক্তি পাণ্ডবদের নিকট আসিয়া নিবেদন করিল, “হে মহাত্মাগণ, আমি খনক, আপনাদের পরমহিতৈষী পিতৃব্য আমাকে প্রেরণ করিয়াছেন। দুর্যোধনের আদেশে কোনো কুফপক্ষীয় চতুর্দশীর রাত্রে পূরোচন এই গ্রহে অগ্নি প্রয়োগ করিবে, এ কথা তিনি অবগত হইয়াছেন।”

যদ্যধিষ্ঠির কহিলেন, “হে খনক, তোমাকে যখন আমাদের পরমহিতাকাঙ্ক্ষী পিতৃব্য পাঠাইয়াছেন, তখন তোমাকেও আমাদের সহিদ বলিয়া জানিলাম।”

খনক সেই গ্রহমধ্যে এক মহাগর্ত প্রস্তুত করিয়া তাহা হইতে বহিগমনের এক সূর্যগপথ নির্মাণ করিল। বাহাতে গ্রহে কেহ আসিলেও ইহা ব্যক্তিতে না পারে, এই নিমিত্ত গর্তের মধ্য এক কবাট স্বারা বন্ধ করা হইল। পূরোচনকে বশনা করিবার জন্য দিবাভাগে পাণ্ডবগণ বিশ্বস্তের ন্যায় ইতস্ততঃ মৃগয়া করিয়া বেড়াইতেন। রাণ্ডিকালে খনক-নির্মিত গহরে অতি সতর্কতার সহিত শয়ন করিতেন।

এইরূপে সংবৎসরকাল কাটিয়া গেলে পূরোচন পাণ্ডবদিগকে একান্ত বিশ্বস্ত জ্ঞান করিয়া কার্য সম্বন্ধ হইবার আশায় উংফুঁজ হইয়া উঠিল। তাহাকে হঠাতে দেখিয়া যদ্যধিষ্ঠির প্রাতাদিগকে বলিলেন, “দ্বারাঘা পূরোচন আমাদিগকে বিশ্বস্তবোধে পরিতৃপ্ত হইয়াছে। এই আমাদের পলায়নের উপযুক্ত সময়। পূরোচনের স্বারা অগ্নিসংযোগের অপেক্ষা না করিয়া আইস, আমরাই জতুগ্রহদাহপৰ্বক সূর্যগপথ অবলম্বনে অলক্ষ্মিতভাবে পলায়ন করি।”

অনন্তর ঘোর তিমিরাবৃত রাণ্ডিকাল উপস্থিত হইল। পাণ্ডবগণ সকলকে নির্দিত ও অসম্বিদ্ধ জানিয়া পলায়নের উদ্যোগ করিলেন। ভীম নিঃশব্দে পদবিক্ষেপে পূর্বপরামর্শ-অনুসারে অগ্নে পূরোচন-অধিকৃত আয়ুধাগারে, পরে জতুগ্রহের স্বারে এবং চতুর্দিকের প্রাচীরে দ্রুত অগ্নিপ্রদান করিলে সকলে মিলিয়া বহুক্রটে সূর্যগপথ-অবলম্বনে নির্জন বনমধ্যে নিষ্ক্রান্ত হইলেন।

অগ্নির উভাপ ও শব্দ প্রবল হইয়া উঠিলে জাগ্রত পূরবাসিসকল চতুর্দি ক হইতে ধাবমান হইল। পাণ্ডবদিগের জবলত আবাসস্থানকে সুস্পষ্টরূপে

আগ্নেয়দ্রব্য-নির্মিত ব্ৰহ্মতে পারিয়া তাহারা বিস্তু বিলাপ পরিতাপ কৰিতে কৰিতে বলিতে লাগিল, “অহো, ইহা নিশ্চয়ই কুরুক্ষুলকলঙ্ক দুর্ঘৰ্য্যাধনের কাৰ্য। তাহারই আদেশে পূরোচন এই গ্ৰহ নিৰ্মাণ কৰাইয়া তাহার অসুৰভি-প্রায় সিদ্ধ কৰিয়াছে। কিন্তু ধৰ্মেৰ কী অনিবৰ্চনীয় মহিমা। দেখো, সে নৱাধমের গ্ৰহেও অংগন লাগিয়া সে দণ্ড হইতেছে।” দহ্যামান জতুগ়াহের চতুর্দিকে পৌরজন সমস্ত রাণি এৰূপ বিলাপ কৰিতে লাগিল।

ইত্যবসরে মাতাকে লইয়া পণ্ডপাণ্ডব দ্রুতগ্রন্থে নিৱাপন স্থানে উত্তীৰ্ণ হইবার বিশেষ ঘৰ্য কৰিলেন। কিন্তু রাষ্ট্ৰজাগৰণ ও দাহভয়ে পৰিশ্ৰান্ত হইয়া সকলেই পদে পদে স্থালিত হইতে লাগিলেন। তখন একাকী ভীমসেন কাহাকেও স্কন্ধে কাহাকেও ক্ৰোড়ে লইয়া এবং কাহারও বা হস্তধাৰণপূৰ্বক নিৰ্ভৱ দান কৰিয়া চলিলেন।

হস্তনাপনে পাণ্ডবদেৱ বিনাশবাৰ্তাৰ সকলে পাণ্ডবনিৰ্বাসনেৰ প্ৰকৃত অৰ্থ “বুৰিয়া ঘোৱ শোকাকুল হইলেন। কিন্তু দুৰ্ঘৰ্য্যাধনেৰ চতুরতায় ইতিমধ্যে পৌৱবগ” বশীভূত হওয়ায় কেহ কিছু কৰিতে পারিলেন না।

ও দিকে দুৰ্ঘৰ্য্যাধনেৰ ভয়ে প্ৰচলনবেশ-ধাৰণপূৰ্বক পাণ্ডবগণ নক্ষত্ৰবাৰা দিঙ্গ-নিৰুপণ কৰিয়া স্থলপথে ক্ৰমাগত দৰ্শকণ্ঠকে গমন কৰিতে লাগিলেন। ভীম পৰ্ববৎ সকলকে আশ্রয়দানপূৰ্বক বন্ধুৱ পথে মাতাকে পৃষ্ঠে বহন কৰিতে লাগিলেন।

কুমি এক ফলমূলজলবিহীন হিংস্রজন্মসমাকুল মহারণ্যেৰ মধ্যে ঘোৱ অন্ধকাৰময় সম্ম্যাৰ সমাগত হইল। দারণ পশুপঞ্চকৰ চতুর্দিকে শৃঙ্খল হইল, ভীষণশৰ্কুৱাৰী বায়ু প্ৰবাহিত হইতে লাগিল। কুমাৰগণ নিদ্রাবেশে জড়তাঙ্গৰ্ত এবং ক্ষুধায় কাতৰ হওয়ায় চলৎশক্তিৱাহিতপ্রায় হইলেন। তৃষ্ণাতুৱা কুন্তী বিলাপ কৰিতে লাগিলেন, “হায়, আমি পণ্ডপাণ্ডবেৰ জননী হইয়া এবং পৃষ্ঠ-গণেৰ মধ্যে থাকিয়া পিপাসায় কাতৰ হইলাম।”

কোমলহৃদয় ভীমসেন ইহা সহ্য কৰিতে না পৰিয়া চতুর্দিকে বিহুল দৃঢ়িট্পাতে ইতস্ততঃ ভ্ৰমণ কৰিয়া নিৰ্জন বনমধ্যে এক বিপুলজ্বালাৰ রমণীয় বটীবটপৌৰী দৈৰ্ঘ্যতে পাইলেন। সকলকে তথায় বিশ্রামার্থ উপবেশন কৰাইয়া তিনি যুথিষ্ঠিৰকে কহিলেন, “হে আৰ্য, তোমৱা এখানে ক্লান্ত দূৰ কৰো, আমি জল অব্বেষণ কৰিব। দূৰে সারসধৰনি শৰ্ণা যাইতেছে, ঐ স্থানে নিশ্চয়ই জলাশয় আছে।”

জ্যেষ্ঠ অনন্মতি প্ৰদান কৰিলে ভীম দ্রুতগতিতে সেই জলচৰ পক্ষীৱ শব্দ অনন্মসৱণ কৰিয়া এক জলাশয়ে উপনীত হইলেন। অবগাহন ও জলপানে

বিগতক্রমে হইয়া উভরীয়-বসনে মাতা ও ভ্রাতাদের অন্য জলবহন করিয়া তিনি অতি স্বরায় সমাগত হইলেন। আসিয়া দেখিলেন, তাঁহারা ইতিমধ্যেই একান্ত শ্রান্তিভৱে ধৰণীতলে শয়ন করিয়া নিম্নাভিভৃত হইয়াছেন। প্রিয়তমদের এই অবস্থাদৰ্শনে ভীমের শোকের আর পরিসীমা রহিল না। তিনি ভাবিলেন, ‘এই বনের অন্তিমের নগর আছে বলিয়া অনুমান হইতেছে, এখানে এরূপ বিশ্বস্তচিত্তে নিদ্রাগমন থাকা অকর্তব্য। কিন্তু ইঁহারা নিতান্ত পরিশ্রান্ত, অতএব ইঁহাদের নিদ্রার ব্যাঘাত না করিয়া আমি একাকী সতর্কভাবে জাগরণ করিব।’

এইরূপ স্থির করিয়া ভীম উঁহাদের পানাথৰ্ম জল রক্ষা করিয়া স্বরং জাগ্রত রাখিলেন।

এই স্থানের নিকটবতৰী শালবনকে মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ ভীষণাকৃতি হিড়িম্বনামে এক নরমাংসাশী রাক্ষস বাস করিত। বহুদিবসাৰ্থী ক্ষুধার্থ থাকায় সে মনুষ্যগন্ধথাণে সাতিশয় লুঁধ হইয়া স্বীয় ভগিনী হিড়িম্বাকে আহবন করিয়া বলিল, “আজ বহুদিন পর সূক্ষেমল মনুষ্য-গাংসে দশন নিমগ্ন করিয়া উঞ্চরুধিৰ পান কৰিবার সুযোগ উপস্থিত। তুমি শীঘ্ৰ ঐ বৃক্ষতলস্থিত মনুষ্যাদিগকে বধ কৰিয়া আনয়ন করো, আমরা দুইজনে উদর-পুরণপূর্বক পৰমানন্দে নৃত্য কৰিব।”

হিড়িম্বা রাক্ষসী ভ্রাতৃবাক্যশব্দে সহৃদ পান্ডবগণের নিকট আসিয়া ভীমসেনকে নির্দিত মাতা ও ভ্রাতৃবর্গের প্রহরীরূপে জাগ্রত দেখিল। বিশালবক্ষ মহাবল ভীমসেনের ঘোৰনকান্তি-অবলোকনে রাক্ষসী তাঁহাকে পতিত্বে বৰণ কৰিতে অভিলাষণী হইল এবং দিব্যাভৱণবেশধারণপূৰ্বক গ্ৰন্থমন্দগমনে ভীমের নিকট আসিয়া তাঁহাকে জিজ্ঞাসা কৰিল, “হে পুরুষশ্রেষ্ঠ, তুমি কে। এই দেৱৱৰ্ষী পুরুষগণ এবং এই সুকুমারী রূপণীই বা কী সাহসে নির্দিত আছেন। তোমাৰা কি জানো না যে, এ স্থান আমাৰ ভ্রাতা হিড়িম্বনামক রাক্ষসেৰ অধিকৃত। সে তোমাদেৰ মাংসভোজনে ও রূধিৰপানে লোলুপ হইয়া আমাকে পাঠাইয়াছে, কিন্তু হে মহাবাহো, আমি তোমাৰ রূপলাবণ্যে মৎপথ হইয়া ভ্রাতৃবাক্য পালনে অসমর্থ হইয়াছি।”

ভীমসেন হিড়িম্বাৰ কথা শুবণে বলিলেন, “হে রাক্ষসি, আমি কি তোমাৰ দুরাজ্ঞা ভ্রাতাকে ভয় কৰিব। আমি একাকী সকলকে তাহার হস্ত হইতে রক্ষা কৰিতে সক্ষম, অতএব তুমি ইচ্ছা হয় থাকো, ইচ্ছা হয় গিয়া তোমাৰ ভ্রাতাকে পাঠাইয়া দাও, আমি ইঁহাদিগকে পরিত্যাগ কৰিতে সম্মত নহি।”

এ দিকে হিড়িম্ব ভগিনীৰ বিলম্বে অস্থির হইয়া স্বরং পান্ডবদেৱ দিকে

অগ্সর হইতে লাগিল। হিড়িস্বা তদ্দন্তে ভীত হইয়া ভীমকে ব্যগ্রস্বরে বলিল, “হে মহাঘন, এই দেখন আমার সহোদর কৃষ্ণ হইয়া এ দিকে আসিতেছে, এবার আর নিষ্ঠার নাই। দাসীর বাক্য গ্রহণ করুন, আপনার আদেশ পাইলে আমি সকলকে উত্তোলনপূর্বক আকাশে উন্মুক্ত করিব।”

ভীমসেন রাক্ষসকে বাহুপ্রসারণপূর্বক সম্মুখাগত দৈখিয়া ভ্রাতৃগণের নিম্নাভগের ভয়ে তাহার হস্ত ধারিয়া অঞ্চলপরিমাণ স্থানান্তরে তাহাকে আকর্ষণ করিলেন। রাক্ষস ভীমের বলদর্শনে বিস্মিত হইয়া সবলে তাঁহাকে ধারণপূর্বক গজন করিতে লাগিল। তখন উভয়ে মনোভাগের ন্যায় বিক্রম-প্রকাশপূর্বক পরম্পরাকে নিপেষণ করিতে লাগিল।

তাহাদের ভীষণ গজনে মাত্সহ পাণ্ডবগণ জাগরিত হইয়া সম্মুখে উপস্থিত হিড়িস্বার মনোহর রমণীমূর্তি দৈখিয়া বিস্ময়াপন হইলেন। কৃষ্ণ তীব্রমুখের জিজাসা করিলেন, “হে বরবাণীন, তুমি কে, কী অভিপ্রায়ে এখানে আসিয়াছ।”

হিড়িস্বা কহিল, “হে দেবি, এই যে গগনসমূর্ধবৃক্ষসমাকুল শ্যামল অরণ্যালী দৈখিতেছে, ইহা আমার সহোদর রাক্ষসেন্দ্র হিড়িস্বের বাসস্থান। এই রাক্ষসরাজ তোমাকে ও তোমার পুত্রদিগকে সংহার করিবার নির্মিত আমাকে এখানে প্রেরণ করিয়াছিল, কিন্তু হে শূভ্রে, আমি তোমার তপ্তকাণ্ড-সদৃশ-কলেবর পুত্রকে দৈখিয়া বিমোচিত হইয়াছি। আমি তোমাদের রক্ষার্থে সকলকে লইয়া পলায়ন করিবার প্রস্তাব করিয়াছিলাম, কিন্তু তাহাতে তোমার পুত্র সম্মত হইলেন না। এক্ষণে আমার সেই ভ্রাতার সহিত তোমার পুত্রের ঘোরতর মৃক্ষব্যুৎপন্ন হইতেছে।”

হিড়িস্বার এই কথা শুনিবামাত্র ষষ্ঠিগঠের অর্জুন নকুল ও সহদেব তৎক্ষণাত ভীমসমীপে উপস্থিত হইলেন। তাঁহাকে দীর্ঘব্যুদ্ধে কিছুক্ষণ দেখিয়া উত্তেজনার্থ অর্জুন বলিলেন, “হে আর্য, তোমার যদি শ্রান্তবোধ হইয়া থাকে তো বলো, আমি তোমার সহায়তা করিব।”

ভীম ইহাতে নিখিল রোষাবিষ্ট হইয়া বলিলেন, “তোমরা ভীত হইয়ো না, আমি একাকী এই বনকে এ রাক্ষসের পাপাচরণ হইতে মুক্ত করিব।”

এই বলিয়া ভীম পূর্ণ বলপ্রয়োগে হিড়িস্বকে ভূমি হইতে উত্তোলনপূর্বক চতুর্দিকে বিদ্যুর্ণিত করিয়া তাহাকে পুনরায় ভূমিতে নিঙ্কেপ ও পশ্চবৎ বধ করিলেন। ভ্রাতৃগণ পরম পরিতৃষ্ণ মনে ভীমকে আলঙ্গনপূর্বক খন্যবাদ প্রদান করিলেন।

অনন্তর পাণ্ডবগণ পুনরায় চালিতে আরম্ভ করিলে হিড়িস্বা তাঁহাদের

সঙ্গ লইল। ইহাতে ভীম কিরণ্তি রাণ্ট হইয়া বলিলেন, “হে রাক্ষসি, তোমরা মায়ার স্বারা সর্বদাই মন্দ্যাদিগকে ছলনা করিয়া থাকো, অতএব তোমার আমাদের সঙ্গে আসিবার কোনো প্রয়োজন নাই।”

এইরূপ প্রত্যাখ্যানে দণ্ডিত হইয়া হিড়িম্বা কুন্তীর শরণাগত হইয়া কহিল, “মাতঃ, আপনি আমার প্রতি অনুকূলপ্রদর্শনপূর্বক ভীমসেনকে আমার সহিত বিবাহে অনুমতি প্রদান করুন, আমি তাঁহার সহিত যথেষ্ট ভ্রমণ করিয়া পুনরায় তাঁহাকে আমাদের নিকট ফিরাইয়া আনিব।”

ঘৰ্য্যাধিগঠির ইহা শুনিয়া বলিলেন, “হে সন্মধ্যমে, তোমার অভিলাষ পূর্ণ হউক। তুমি দিবাভাগে ভীমসেনকে লইয়া যদৃচ্ছা ভ্রমণ করিয়ো, কিন্তু রজনীয়োগে তাহাকে আমাদের নিকট আনয়ন করিতে হইবে।”

ভীম জেষ্ঠের এইরূপ অনুমতি পাইয়া বিবাহে সম্মত হওয়ায় হিড়িম্বা প্ররমানন্দে তাঁহাকে লইয়া আকাশমার্গে প্রস্থান করিল।

ভীমের সহিত বাসকালে হিড়িম্বার এক বিরুপাক্ষ মহাবল অমানুষ পুত্র জন্মগ্রহণ করিল। ইহার নাম ঘটোৎকচ। এই ঘটোৎকচ পরে পাণ্ডবগণের প্রতি বিশেষ অনুরক্ত ও শ্রদ্ধাবান् হইয়াছিল এবং তাঁহারাও উহাকে যথেষ্ট সেহ করিতেন।

৩

পথে রমণীয় সরোবরাদির নিকট বিশ্রাম করিতে করিতে কুন্তীসমেত পাণ্ডবগণ ত্রুটি দক্ষিণপাণ্ডালদেশাভিমুখে গমন করিতে লাগিলেন। পথিমধ্যে বহুতর ব্রাহ্মণের সহিত তাঁহাদের সাক্ষাৎ হইল। ব্রাহ্মণগণ পাণ্ডবদের গন্তব্যস্থান না জানিয়া ও তাঁহাদিগকে স্বশ্রেণীয় বিবেচনা করিয়া কহিতে লাগিলেন, “তোমরা আমাদের সহিত পাণ্ডালদেশে চলো। তথায় পরমান্বত মহোৎসবের আয়োজন হইতেছে। দ্রুপদরাজ যজ্ঞবেদিমধ্য হইতে এক পরমাসৃষ্টি দ্রুহিতা প্রাপ্ত হইয়াছিলেন। সেই কমলনয়নার স্বয়ংবরানুষ্ঠান হইবে।”

এই কথায় পাণ্ডবগণ ব্রাহ্মণদলভুক্ত হইয়া অন্তিবিলম্বে পাণ্ডালদেশে উপনীত হইলেন। স্কন্ধাবার ও নগর সম্যক্রূপে পরিদর্শন করিয়া তাঁহারা ব্রাহ্মণবৃক্ষ-অবলম্বনপূর্বক এক কুম্ভকারের গ্রহে বাস করিতে লাগিলেন।

দ্রুপদরাজ শ্রেষ্ঠ ধন্দ্যরকে কন্যাসম্প্রদান করিবার মানসে এক সৃদৃঢ় দ্রুণান্ময় শরাসন এবং ঘূর্ণ্যমান আকাশবন্ধ-রক্ষিত অত্যুচ্চ লক্ষ্য প্রস্তুত

করাইলেন এবং ঘোষণা করিলেন যে, যিনি এই ধন্তে জ্যারোপণপূর্বক পণ্ড শরের স্বারা ঘূর্ণমান ঘন্টের ছিদ্র ভেদ করিয়া লক্ষ্যপাত করিতে পারিবেন, তাহাকেই তিনি কন্যাদান করিবেন।

এই উপলক্ষে নগরের প্রান্তবর্তী^১ এক পরিষ্কৃত সমতল ভূমিতে স্বরংবর-সমাজ প্রতিষ্ঠিত হইল।

দ্বৌপদরাজের ঘোষণাশ্রবণে চতুর্দিক হইতে ভূপালগণ আগমন করিতে লাগিলেন। তন্মধ্যে কণ-সমভিব্যাহারী দ্বৰ্যোধনপ্রমুখ কুরবর্গ এবং বলদেব ও কৃষ্ণাদি যাদবগণ উপস্থিত হইলেন এবং নানা স্থানের খৰ্ব ও ব্রাহ্মণগণ উৎসবদর্শনার্থ সমাগত হইতে লাগিলেন। দ্বৌপদরাজ সকলেরই উপব্রুক্ত সৎকার করিয়া স্বরংবরের নির্দিষ্ট দিন না আসা পর্যন্ত অভ্যাগতদের চিন্ত-রঞ্জনার্থ^২ সভাস্থলে ন্তৃত্যাগীত বাদ্যযোগ্য ও জনগণের বিবিধ কলাকৌশল ও ব্যায়ামনেপুণ্য-প্রদর্শনের ব্যবস্থা করিলেন।

পণ্ডদশ দিবস এইরূপে অতিবাহিত হইলে, নির্দিষ্ট শুভদিন উপস্থিত হইল।

শুভমৃহৃত উপস্থিত হইলে, ভ্রাতা ধৃঢ়টদ্বৰ্ম্মনের সহিত কৃতস্নান অপ্রব-লাবণ্যমুরী কৃষ্ণ অনুপম বসনভূষণে অলংকৃতা হইয়া হস্তে বিচিত্র কাণ্ডনী মালা-ধারণপূর্বক রঙগমধ্যে অবতীর্ণ হইলেন। ধৃঢ়টদ্বৰ্ম্মন স্তৰ্থতা ভঙ্গ করিয়া শুভমুরীর স্বরে সকলকে বিজ্ঞাপিত করিলেন, “হে সমাগত নরেন্দ্ৰগণ, আপনারা সকলে শ্রবণ করুন। এই ধন্বৰ্বণ ও লক্ষ্য উপস্থিত রাহিয়াছে; যিনি আকাশঘন্টের ছিদ্রমধ্য দিয়া পণ্ডশর-নিক্ষেপপূর্বক লক্ষ্যপাত করিতে পারিবেন, তাহাকেই আমার ভাগিনী বৰমাল্য প্রদান করিবেন।”

তখন ত্রিভুবনললামভূতা কৃষ্ণ দর্শনে মোহিত নৱপাতিগণ পরস্পরজিগীয় হইয়া রাজাসন হইতে গাত্রোথান করিলেন। সভাস্থ সমস্ত লোকে শুভমুরীনে কৃষ্ণার প্রতি একদ্রুটে চাহিয়া রাখিল।

এই সময়ে ধীমান^৩ কৃষ্ণ ইতস্ততঃ দ্রষ্টিপাত করিতে ব্রাহ্মণবেশধারী তেজঃপুঞ্জ পণ্ড সৃপুরুষকে জনসাধারণের মধ্যে উপবিষ্ট দেখিলেন, তাহাতে সহসা তাঁহার মনোযোগ আকৃষ্ট হইল। কিয়ৎকাল চিন্তামগ্ন থাকিয়া তিনি বাল্যস্থা অর্জুনকে নিঃসন্দেহ চিনিতে পারিলেন এবং বলদেবকেও সে দিকে দ্রষ্টিপাত করিতে ইঁগিত করিলেন। তখন বলদেবও কৃষ্ণের অনুমান সমর্থন করিলে, উভয়ে তাঁহাদের গৃহদাহ হইতে পরিত্রাণ সম্বন্ধে আশ্বস্ত হইলেন।

একে একে দ্বৰ্যোধন, শালব, শল্য, বঙ্গাধিপ, বিদেহরাজ প্রভৃতি রাজতনয় কিরাট হার অঙ্গদ ও চৰ্বান^৪ প্রভৃতি বিবিধ অলংকারে ভূষিত হইয়া স্ব

বলবীর্য প্রদর্শন করিলেন। কিন্তু সেই ভীষণ কার্মকে জ্যোৎস্যে করা দূরে থাক, উহাকে কিরৎপরিমাণ আনন্দিত করিতে না করিতেই উহার প্রবল প্রতিষ্ঠাতে তাঁহারা ইস্ততঃ বিক্ষিপ্ত এবং তাঁহাদের আভরণসকল চতুর্দিকে বিপ্লব হইতে লাগিল। ইহাতে বিফলমনোরথ রাজপুত্রগণ লজ্জিত ও নিষেতজ হইয়া দ্রৌপদীর আশা ত্যাগ করিলেন।

মহাধনুর্ধৰ কর্ণ রাজগণকে এইরূপে পরাগ্ন্যুথ দেখিয়া সহস্র ধনুর নিকট উপস্থিত হইলেন। অনায়াসে তাহা উত্তোলনপূর্বক তিনি সকলকে চমৎকৃত করিয়া সেই প্রচণ্ড কার্মক জ্যোৎস্য করিলেন। পরে পণ্ড বাণ হস্তে লইয়া লক্ষ্মীর নিকট গমনপূর্বক শরসম্বন্ধনে প্রবৃত্ত হইলে সকলে ভাবিল, ইনিই লক্ষ্মী ভেদে করিয়া বরমাল্য প্রাপ্ত হইবেন। পাণ্ডবগণ কর্ণের কন্যালাভ-সম্ভাবনায় নিতান্ত অবসন্ন হইয়া পড়িলেন।

মহান্ভবা দ্রৌপদী সকলের মধ্যে “ইনি রাধের, ইনি অধিরথপাঁচিত, ইনি স্তুপুর্ত”—এইরূপ শ্রবণ করিয়া এবং অন্যান্য রাজগণের অবজ্ঞার হাস্য অবলোকন করিয়া সহসা বলিয়া উঠিলেন, “আমি স্তুপুর্তকে বরণ করিতে পারিব না।”

এই কথা অভিমানী কর্ণের কর্ণগোচর হইবামাত্র তিনি দ্বৈৎ বিমৰ্শ-হাস্য-সহকারে তৎক্ষণাত ধনুর্ধৰণপরিত্যাগপূর্বক স্তম্ভিতবৎ সুর্যের প্রতি একদণ্ডে চাহিয়া রাহিলেন।

অর্জুন আর থাকিতে পারিলেন না। তিনি ব্রাহ্মণবেশ বিস্তৃত হইয়া স্বীর ক্ষত্রিয়তেজ ও কৃষ্ণার রূপমাধুরীর বশবতী হইয়া সহসা উত্থানপূর্বক পরীক্ষা-ভূমির দিকে অগ্রসর হইতে লাগিলেন।

ইহাতে বিপ্লবলীর মধ্যে মহা কোলাহল উপস্থিত হইল। কেহ চীৎকার করিয়া অর্জুনকে উৎসাহ দান করিতে লাগিলেন, কেহ বা বিমনা হইয়া বলিতে লাগিলেন, “অহো কী আশৰ্য্য। সূর্যবিদ্যাত ধনুর্ধৰণী ক্ষত্রিয় যে বিষয়ে অসমর্থ হইলেন, তাহাতে অকৃতাস্ত্র ব্রাহ্মণকুমার কী প্রকারে কৃতকাৰ হইবার দুরাশা করিতে পারে। ইহাকে নিবারণ করা যাউক।”

অর্জুনের পক্ষাবলম্বনীরা বলিলেন, “এই যুবার পীনস্কন্দ দীর্ঘবাহু ও গতির উৎসাহ দেখিয়া আমাদের ভরসা হইতেছে। সকলে স্তুপুর হইয়া ইহার কাৰ্য অবলোকন করো।”

এই কথায় সকলে শালত হইয়া অর্জুনকে মনোযোগসহকারে নিরীক্ষণ করিতে লাগিলেন।

অনন্তর অর্জুন প্রথমে বরপদ মহাদেবকে প্রণাম করিয়া সেই ভীষণ,

ଶରାସନକେ ପ୍ରଦିକ୍ଷଣ କରିଲେନ; ପରେ ବାଲ୍ୟବନ୍ଧୁ କୃଷ୍ଣର ସମେହ ଦୃଷ୍ଟି ଆପନାର ପ୍ରତି ଆବଦ୍ଧ ଦେଖିଯା ପ୍ରୀତମନେ ଓ ଗହା ଉଂସାହେ କାର୍ମକ-ଉତୋଳନପୂର୍ବକ ଧନ୍ୟବର୍ଦ୍ଦପାରଗ ନ୍ୟସିଂହସକଳେର ନିଷ୍ଠଳ ପ୍ରୟୟକେ ଲଜ୍ଜା ଦିଯା ତିନି ନିମେଯମଧ୍ୟେ ତାହାତେ ଜ୍ୟାରୋପଣ କରିଲେନ । ଏବଂ ପାଂଚଟି ବାଣ ପ୍ରହଗପୂର୍ବକ ଶରସମ୍ବାନ କରିଯା ଘୂର୍ଣ୍ଣାନ ସମ୍ବେଦନ ହିତେର ମଧ୍ୟ ଦିଯା କଟେ-ଦୃଶ୍ୟ ଲକ୍ଷ୍ୟ ବିଦ୍ୟ ଓ ଭୂତଳେ ପାତିତ କରିଲେନ ।

ସଭାମଧ୍ୟ ମହାହୃଲଦ୍ଧିଲ ପାତିରା ଗେଲ । ଦେବଗଣ ଅର୍ଜୁଲେର ମୁତକୋପରି ପ୍ରଦ୍ୱିଷ୍ଵର୍ଣ୍ଣ କରିତେ ଲାଗିଲେନ । ସହପ୍ର ସହପ୍ର ବ୍ରାହ୍ମଣ ସ୍ବୀର ଉତ୍ତରୀୟ ଅଜିନ ବିଧ୍ୟନପୂର୍ବକ ଗହୋଜ୍ଞାସ ପ୍ରକାଶ କରିତେ ଲାଗିଲେନ । ବାଦକଗଣ ଶତାଙ୍ଗ ତ୍ରୈର୍ବାଦନ ଏବଂ ସ୍ଵର୍ଗତ ସ୍ଵତ ଓ ମାଗଧଗଣ ସ୍ତୁତିପାଠ କରିତେ ଆରମ୍ଭ କରିଲ ।

କୃଷ୍ଣ ଅର୍ଜୁଲେର ଅତୁଳକାଳିତ୍ସମ୍ବନ୍ଧରେ ସହବେ ତାହାର ଗଲେ ବରମାଲ୍ୟ ଅପର୍ଯ୍ୟ କରିଲେନ । ଦ୍ରୁଗ୍ପଦରାଜ୍ୟ ପାର୍ଥେର ଅସାଧାରଣ ବଳ ଓ ଅନ୍ତୁତ କୋଶଲେ ପ୍ରୀତ ହଇଯା ତାହାକେ କନ୍ୟାଦାନେର ଆରୋଜନେ ପ୍ରବୃତ୍ତ ହଇଲେନ ।

ଏ ଦିକେ ପୃତ୍ରଗଣ ଭିକ୍ଷାଥେ ଗମନ କରିଯା ଏତ ବିଲମ୍ବେଓ ପ୍ରତ୍ୟାବର୍ତ୍ତନ ନା କରାଯା ପୃଥ୍ବୀ କୁଳଭକାରେର ଗ୍ରହେ ଚିଳିତାବସ୍ଥାଯ କାଳକ୍ଷେପ କରିତୋଛିଲେନ । ରାତ୍ରି ସଥିନ ଆଗତପାଇଁ ତଥନ କୃଷ୍ଣକେ ଲହିଯା ପାନ୍ଡବଗଣ ଭାଗ୍ୟବାଲରେର ନିକଟବ୍ରତୀ ହଇଲେନ । ଗ୍ରହେର ମ୍ୟାରେ ଉପର୍ମିଳିତ ହଇଯାଇ ଉଂଫୁଲ୍ଲ ବଚନେ ତାହାରା ନିବେଦନ କରିଲେନ, “ମାତଃ, ଆମ୍ୟ ଏକ ପରମରମଣୀୟ ବଦ୍ର ଭିକ୍ଷାଲାଦ୍ୱ ହଇଯାଛେ ।”

ପୃଥ୍ବୀ ଗ୍ରହଭାଳ୍ତର ହିତେ ସବିଶେଷ ବିବେଚନା ନା କରିଯା ପ୍ରତ୍ୟାବର୍ତ୍ତନ କରିଲେନ, “ବନ୍ସଗଗ, ଯାହା ପ୍ରାପ୍ତ ହଇଯାଇ ସକଳେ ମିଲିଯା ତାହା ଭୋଗ କରୋ ।”

ପରେ କୃଷ୍ଣକେ ନୟନଗୋଚର କରିଯା ‘ଆମି କୀ କୁକର୍’ କରିଲାମ’ ଭାବିଯା ତିନି ସ୍ଵର୍ଧିଷ୍ଠରକେ କହିଲେନ, “ହେ ପୃତ୍ର, ତୋମରା କୀ ଆନିଯାଇ ନା ଜାନାଯା, ଆମି ସକଳେ ମିଲିଯା ଭୋଗ କରିବାର କଥା ବାଲିଯା ଫେଲିଯାଇ । ଏକ୍ଷଣେ ଆମାର କଥା ମିଥ୍ୟା ନା ହୟ ଅଥଚ ଅଧର୍ମ ନା ହୟ, ଏମନ୍-କିଛି ବିଧାନ କରୋ ।”

ମର୍ତ୍ତମାନ, ସ୍ଵର୍ଧିଷ୍ଠର କିନ୍ତୁକାଳ ଚିନ୍ତା କରିଯା ସ୍ବାର୍ଥତ୍ୟାଗପୂର୍ବକ କହିଲେନ, “ହେ ଅର୍ଜୁନ, ଦ୍ରୌପଦୀ ତୋମାରେ ଜୟଲବ୍ଧ ଧନ, ଅତ୍ୟବ ତୁମରେ ସଥାରୀତି ଇହାରୁ ପାଣିଗହଣ କରୋ ।”

ଅର୍ଜୁନ ଜ୍ୟୋତ୍ସ୍ନର ନୟାଯ ଏକମାତ୍ର ଧର୍ମେର ପ୍ରତି ଦୃଷ୍ଟି ରାଖିଯା କହିଲେନ, “ହେ ଆଯର୍, ଆମାକେ ଅଧର୍ମ ଲିପ୍ତ କରିଯୋ ନା । ଜ୍ୟୋତ୍ସ୍ନରେ ଅପ୍ରେ ବିବାହ କରା ଉଚ୍ଚିତ । ଅତ୍ୟବ ଆମାଦେର ଏବଂ ପାଞ୍ଚଲେଶ୍ୱରେର ହିତେର ପ୍ରତି ଦୃଷ୍ଟି ରାଖିଯା କର୍ତ୍ତବ୍ୟ ଦିନର କରୋ । ଆମାଦିଗକେ ତୋମାର ଏକାନ୍ତ ବଶ୍ୟବଦ ଜାନିବେ ।”

ସ୍ଵର୍ଧିଷ୍ଠର ଦ୍ରାତ୍ଗଗକେ ବିଷୟବଦନେ ଉପବିଷ୍ଟ ଦେଖିଯା ତାହାଦେର ମାନସିକ

অবস্থা ব্যর্থিয়া লইলেন। এই উপলক্ষে পাছে প্রাত্মিকজ্ঞের সূচনা হয়, এই ভয়ে বিশেষ চিন্তালিপি হইয়া যুক্তিপূর্ণ তাঁহাদিগকে নির্জনে লইয়া গিয়া কহিলেন, “আমি বিবেচনা করি, এই দ্রৌপদী আমাদের সকলেরই হউক। বর্তমান সমস্যার এই একমাত্র উপায় দেখিতেছি, ইহাতে মাতারও বাক্য রক্ষা হইবে, আমাদের মধ্যেও কাহারও কোনো দীর্ঘার কারণ থাকিবে না।”

এই সময়ে বাদবশেষ্ঠ কৃষ্ণ ও বলদেব, পাণ্ডবগণ স্বয়ংবরসভা হইতে কোথায় গমন করিয়াছেন অনুসন্ধান করিতে করিতে এই স্থানে উপস্থিত হইলেন। পাণ্ডবদিগকে একত্র দেখিয়া দ্রুত গমনে অগ্রসর হইয়া তাঁহারা যুক্তিপূর্ণ প্রশ্ন করিলেন, “হে বাসুদেব, ছন্দবেশী আমাদিগকে তোমরা কিরূপে জ্ঞাত হইলে।”

কৃষ্ণ হাস্যসহকারে উত্তর করিলেন, “রাজন, অংশ প্রচলন থাকিলেও অন্যায়সেই পরিজ্ঞাত হয়। পাণ্ডব ব্যতীত কোন মনুষ্য এইরূপ পরাক্রম প্রদর্শন করিতে পারে। হে কুরুশেষ্ঠ, আমাদের ভাগ্যবলে ধার্তাৰাঙ্গণের দ্বৰাভিসন্ধি ব্যর্থ হইয়াছে এবং তোমরা জতুগ্রহ হইতে পরিহ্যণ পাইয়াছ। তোমাদের হত্থায় মঙ্গল পুনৰ্বার সম্ভূজবল হউক। এক্ষণে অনুমতি করো, আমরা শিখিবে প্রতিগমন করি।”

এই বলিয়া প্রাত্মবয় প্রস্থান করিলেন।

পাণ্ডবগণ যখন কৃষ্ণকে লইয়া সভাস্থল হইতে চালিয়া আসিয়াছিলেন তখন পরিচয় পাইবার উদ্দেশে ধৃঢ়দ্যুম্ন অলক্ষ্মিতভাবে তাঁহাদিগকে অনুসরণ করেন এবং ভার্গবালয়ে তাঁহাদিগকে প্রবেশ করিতে দেখিয়া তিনি নিকটবর্তী নিন্দৃত স্থানে লঁকায়িত থাকেন। ঐ স্থান হইতে কথোপকথনের ক্ষয়দণ্ড শূন্তিতে পাইয়া তিনি পিতার নিকট সমস্ত ব্যুৎপত্তি নিবেদন করিবার জন্য সহজ রাজসভায় প্রত্যাগমন করিলেন।

কন্যাকে কর্তিপয় অজ্ঞাতকুলশীল ব্রাহ্মণতনয়ের সহিত প্রস্থান করিতে দেখিয়া দ্রুপদ বিষণ্ণচিত্তে বাসিয়া ছিলেন। ধৃঢ়দ্যুম্নকে দেখিবামাত্র তিনি সাধারে প্রশ্ন আরম্ভ করিলেন, “হে পুত্র, কৃষ্ণ কাহার সহিত কোথায় গমন করিলেন। কুসূমমালা শুশানে পাইত হয় নাই তো?”

ধৃঢ়দ্যুম্ন আশ্বাস প্রদানপূর্বক কহিলেন, “হে পিতঃ, পরিতাপের কোনোই কারণ দেখিলাম না। আমি ইঁহাদের পদানুসরণ করিয়া যে-সকল আচার-ব্যবহার ও কথোপকথনের ভঙ্গ দেখিতে লাগিলাম, তাহাতে ইঁহাদিগকে ক্ষণকুলজাত বলিয়া অনুমান হইতেছে। কিরণ্দিবসাবধি জনশৃঙ্খিত শুন

বাইতেছে যে, পান্ডবগণ গহন্দাহ হইতে উদ্ধার পাইয়া প্রচলিতবেশে দ্রুণ করিতেছেন। নিশ্চয় ইঁহারা সেই পঞ্জৰাতা, আমাদেরই ভাগ্যবলে কৃষ্ণকে জয় করিয়াছেন। অর্জুন ব্যতীত কর্ণের তেজ কে সহ্য করিতে সমর্থ। পান্ডব ব্যতীত কাহারা দুর্বোধন-প্রমুখ নরেন্দ্রশ্রেষ্ঠগণের দীর্ঘ আচ্ছাদন করিয়া রাখিতে পারে।”

দ্রুপদ তখন পরিতৃষ্ণ মনে পূরোহিতকে আহ্বানপূর্বক কুম্ভকারের কুটীরে প্রেরণ করিয়া তাঁহাকে লক্ষ্যভেদকারীর কুলশীল জিজ্ঞাসা করিয়া আসিতে বলিলেন।

পূরোহিত পান্ডবসমীপে উপনীত হইয়া বাগাড়ম্বরপূর্বক তাঁহাদের ভূরি ভূরি প্রশংসা করিয়া কৌশলে বলিতে লাগিলেন, “মহাভ্রা পান্ডু দ্রুপদরাজের প্রিয়সম্মত ছিলেন, অতএব অর্জুনের সহিত কৃষ্ণ বিবাহ হয়, ইহাই তাঁহার চিরকাল ইচ্ছা ছিল।”

তখন যথাধিষ্ঠির ভীমকে পূরোহিতের পাদ্য এবং অর্ঘ্য প্রদান করিতে বলিয়া কহিলেন, “পাণ্ডালরাজের মনোরথ সিদ্ধ হইয়াছে। অর্জুনই তাঁহার দ্রুহিতাকে জয় করিয়াছেন।”

এইরূপ কথাবার্তা হইতেছে, এমন সময় দ্রুপদপ্রেরিত কাণ্ডন-পঞ্চ-খচিত সদস্বযুক্ত রাজোচিত রথস্বর এবং বিবিধ উৎকৃষ্ট খাদ্যদ্রব্য লাইয়া আর এক দ্রুত উপস্থিত হইয়া বলিল, “মহারাজ, পাণ্ডালাধিপতি দ্রোপদীর পাণি-গ্রহণার্থে” আপনার্দিগকে প্রাসাদে সাদর আহ্বান করিতেছেন; অতএব আর বিলম্ব করিবেন না।”

এই কথা শ্রবণে পূরোহিতকে অগ্রে বিদায় দিয়া পৃথা ও কৃষ্ণকে এক রথে আরোহণ করাইয়া ভ্রাতৃগণ অপর রথ অবলম্বনপূর্বক রাজপ্রাসাদাভমুখে যাত্রা করিলেন।

অজিনোত্তরীর পূরুষপ্রবীর পান্ডুতনয়গণকে দেখিয়া রাজা, রাজকুমার, সচিব, সহস্রবর্গ এবং ভৃত্যগণ আনন্দপ্রবাহে নিমগ্ন হইলেন। কুণ্ঠী দ্রোপদীর সহিত অন্তঃপুরে প্রবিষ্ট হইয়া স্তৰীগণ স্বারা উপযুক্তরূপে সংকৃত হইলেন।

অনন্তর কুণ্ঠী ও দ্রোপদীকে অন্তঃপুর হইতে আনয়নপূর্বক দ্রুপদ সকলের সমক্ষে যথাধিষ্ঠিরকে বলিলেন, “আদ্য শূর্ভদিন, অতএব অর্জুন অদ্যই কৃষ্ণ পাণি-গ্রহণ করুন।”

যথাধিষ্ঠির বলিলেন, “রাজন্ম, জ্যেষ্ঠ আমি অবিবাহিত থাকিতে অর্জুনের কিরূপে বিবাহ হইতে পারে?”

তদন্তে দ্বৌপদ কহিলেন, “হে সৌম্য, তবে তুমই আমার কল্যাকে বিবাহ করো, অথবা অন্য কোন্ কল্যাকে তোমার মনোনীত, তাহা অনুমতি করো।”

তখন ধৰ্মিষ্ঠির বলিতে লাগিলেন, “মহাশয়, আমার বা ভীমসেনের কাছাকাও বিবাহ হয় নাই। অজ্ঞন আপনার কল্যাকে জয় করিয়াছে বটে, কিন্তু আমাদের মধ্যে দ্রাঘৃনেহবন্ধন এত অধিক যে, কেহ কোনো উৎকৃষ্ট বন্তু প্রাপ্ত হইলে আমরা সকলে মিলিয়া তাহা ভোগ করিয়া থাকি। মাতাও আমাদের সকলকে একত্র হইয়া কৃষ্ণকে বিবাহ করিতে অনুমতি দিয়াছেন, সুতরাং আমাদের মধ্যে এই চিরপ্রচলিত নিয়ম আমরা এ স্থলে লজ্জন করিতে পারিব না। আপনার কল্যান্তর্মুখে আমাদের সকলেরই পক্ষী হইবেন। অতএব অগ্নি সাক্ষী করিয়া জ্যোষ্ঠান্তর্মুখে সকলেরই সহিত তনয়ার পরিগণ্য-ক্রিয়া সম্পাদন করুন।”

দ্বৌপদ কহিলেন, “হে ধৰ্মরাজ, তোমার যদি ইহা প্রকৃতপক্ষে সদলঘৃণান বলিয়াই বিবেচনা হয়, তবে আমি আর কী বলিব। যাহা হউক অদ্য তুম পুনরায় এ বিষয়ে মাতার সহিত বিশেষরূপে পর্যালোচনা করিয়া দেখো। কল্যান্তর্মুখে সকলে মিলিয়া যাহা কর্তব্য স্থির করিবে, আমি তাহাই করিব।”

এ বিষয়ে নানারূপ কথোপকথন হইতেছে, এমন সময় মহীবি দ্বৈপায়ন তথায় উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া দ্বৌপদাদি পাণ্ডালগণ এবং ধৰ্মিষ্ঠিরপ্রভুর পাণ্ডবগণ গাঢ়োখানপূর্বক ভাস্তুভরে অভিবাদন করিলেন।

ব্যাসদেব সমস্ত অবস্থা অবগত হইয়া সকলকে আশ্বাসপ্রদানপূর্বক দ্বৌপদকে একালে লইয়া দেশ কাল ও অবস্থা ভেদে ধর্মের বিভিন্ন গাত্র-সম্বন্ধীয় নিগ্রূত তত্ত্বসকল সম্পর্কে ব্যাখ্যাইয়া দিলেন।

অনন্তর দ্বৌপদরাজ সভায় উপস্থিত হইয়া সকলের সমক্ষে কহিলেন, “পাণ্ডবগণ বিধিপূর্বক কৃষ্ণকে বিবাহ করুন, আমার কল্যান্তর্মুখে তাঁহাদের নিমিত্তেই জন্মগ্রহণ করিয়াছেন।”

বিবাহব্যাপার সমাধানান্তে দ্বৌপদরাজ জামাতার্দিগকে বহুবিধ ধন, মহোমত হস্তী, বস্ত্রালংকারীবিভূতি দাসী ও অশ্বচতুর্ভরযৌজিত স্বর্ণময় রথ প্রদান করিলেন। অভ্যাগতবন্দকেও পৃথক্ পৃথক্ ধন ও মহামূল্য পরিচ্ছদাদি বিতরণপূর্বক বিদায় করা হইল।

পাণ্ডবগণ সেই দেবদলের স্তৰীয় লাভ করিয়া পরমস্থথে পাণ্ডালয়াজে কালায়পন করিতে লাগিলেন। পাণ্ডাল ও পাণ্ডবগণ পরদ্পরকে সহায় পাইয়া শত্রুভয় হইতে মুক্ত হইলেন। পুরুষাসিগণ সর্বদাই কৃতীর নাম সংকীর্তন-পূর্বক চিরগবল্দন করিতেন।

এ দিকে চরের ঘ্বারা হিন্দুনাপদ্মে সংবাদ পের্য্যছিল যে পাণ্ডুতনয়গণ জীবিত আছেন। এবং তাঁহারাই দ্রৌপদীর পাণিগ্রহণপূর্বক পাণ্ডালরাজ্যে বাস করিতেছেন।

এই সংবাদ শুনিয়া ধৃতরাষ্ট্র বিদ্রুলকে কহিলেন, “হে বিদ্রুল, মহাবীর পাণ্ডুপ্রত্যগণ আমারও পুত্রস্থানীয় এবং এ রাজ্যেরও সমাখ্যভাগী সে বিষয়ে কোনো সন্দেহ নাই; অতএব তুমি স্বয়ং গিয়া সৎকারপ্রদর্শনপূর্বক কুল্তী ও দ্রৌপদী -সমর্তিব্যাহারে পাণ্ডুনন্দনদিগকে আনয়ন করো।”

অনন্তর ধৰ্মজ্ঞ ও সর্বশাস্ত্রবিশারদ বিদ্রুল ধৃতরাষ্ট্রের আদেশ অনুসারে বিবিধ রহ ও ধনসম্পত্তি -গ্রহণপূর্বক পাণ্ডালরাজ্যে উপনীত হইয়া দ্রুপদকে সংবর্ধনা করিলেন। এবং পাণ্ডবদিগকে নয়নগোচর করিয়া স্নেহভরে আলিঙ্গন-পূর্বক কুশলপ্রশ্ন করিলেন। তৎপরে কুল্তী দ্রৌপদী পাণ্ডব ও পাণ্ডালদিগকে ষথানীতি ধন ও অলংকারসকল প্রদান করিয়া সকলের সমক্ষে দ্রুপদকে নিবেদন করিলেন, “মহারাজ, পুত্র ও অমাত্য -সহ মহারাজ ধৃতরাষ্ট্র আপনাদের সহিত এই সম্বন্ধ সংস্থাপনে সার্তিশয় প্রীত হইয়া বারংবার আপনার কুশল জিজ্ঞাসা করিয়াছেন। কুরুপ্রধান ভীম আপনার সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করেন, এবং আপনার স্থান দ্রোণ আপনাকে উদ্দেশে আলিঙ্গন করিতেছেন। এক্ষণে বহু দিবসের বিয়োগাল্পে সকলে পাণ্ডুনন্দনদিগকে দেখিবার জন্য অতীব উৎসুক আছেন; ইঁহারাও বহুকাল প্রবাসে থাকিয়া রাজধানীতে গমন করিতে ব্যগ্র। কৌরবগণ ও পৌরজন পাণ্ডালীকে নয়নগোচর করিবার জন্য ব্যাকুল চিত্তে প্রতীক্ষা করিতেছেন। অতএব আপনি অন্তিমিলম্বে সন্দৰ্ভ পাণ্ডবগণকে স্বগ্রহে গমন করিবার অনুমতি প্রদান করুন।”

দ্রুপদ কহিলেন, “হে মহাপ্রাঞ্জ বিদ্রুল, তুমি যাহা কহিলে তাহা যথার্থ। কৌরবগণের সহিত বৈবাহিক সম্বন্ধে আমিও যথেষ্ট পরিতোষ লাভ করিয়াছি। আর, মহাভ্রা পাণ্ডবগণের স্বরাজ্যে গমন করা কর্তব্য তাহার সন্দেহ নাই।”

তখন যথাধিষ্ঠিত বিনয়পূর্বক কহিলেন, “হে পাণ্ডালেশ্বর, আমি এবং আমার অনুজগণ আমরা আপনারই অধীন, সৃত্রাং আপনি যাহা আজ্ঞা করিবেন, আমরা তাহাই শিরোধারণ করিব।”

পরে কৃষ্ণ হিন্দুনাপদ্মনে সম্মতি প্রকাশ করিলে মাত্সবেত পাণ্ডবগণ কৃষ্ণকে লইয়া কৃষ্ণ ও বিদ্রুল -সমর্তিব্যাহারে যাত্রা করিলেন।

তাঁহাদের আগমনবার্তাশব্দে ধৃতরাষ্ট্র তাঁহাদের প্রত্যুদ্গমনের নিমিত্ত অন্যান্য কৌরবগণের সহিত দ্রোণ কৃপকে প্রেরণ করিলেন।

তদন্তর পাণ্ডবগণ পিতামহ ভীম, জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র এবং অন্যান্য

ଗୁରୁଜନେର ପାଦବନ୍ଦନା କରିଯା ଅନୁମତିଗୁହଣପୂର୍ବକ ବିଶ୍ଵାମାଥେ ଗୃହମଧ୍ୟେ ପ୍ରବେଶ କରିଲେନ । ତାହାରୀ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ବିଶ୍ଵାଳତ ହିଲେ ଭୀଷମ ଓ ଧୂତରାଷ୍ଟ୍ର ସକଳକେ ଆହବନପୂର୍ବକ କରିଲେନ, “ବେଂସ ସ୍ଵର୍ଧିଷ୍ଠିତର, ତୋମରା ଅର୍ଦ୍ଧକ ରାଜ୍ୟଗୁହଣପୂର୍ବକ ଖାନ୍ଦବପ୍ରଥେ ରାଜଧାନୀ ସ୍ଥାପନ କରିଯା ପରମସ୍ତ୍ରେ ରାଜସ୍ତ୍ରେ କରିତେ ଥାକୋ, ତାହା ହିଲେ ଦୂର୍ବେଧନାଦିର ସହିତ ତୋମାଦେର ବିବାଦେର କୋନୋ କାରଣ ଥାରିବେ ନା । ତୋମରା ସ୍ବୀଯ ଭୁଜବଲେ ସକଳ ଅନିଷ୍ଟ ହିଲେ ତେ ଅନାୟାସେ ଆସ୍ତରଙ୍କା କରିତେ ପାରିବେ ।”

ଅର୍ଧରାଜ୍ୟଭୋଗେର ଅନୁମତି ପାଇୟା ପାନ୍ଦବଗଣ ରାଜାଙ୍ଗ୍ରେ ସ୍ବୀକାର କରିଯା ଗୁରୁଜନ୍ଦିଗକେ ପ୍ରାଣପାତପୂର୍ବକ କୁକ୍ଷେର ସହିତ ଅରଣ୍ୟପଥେ ଖାନ୍ଦବପ୍ରଥାଭିମୁଖେ ପ୍ରସ୍ଥାନ କରିଲେନ । ତାହାଦେର ଆଗମନେ ନଗରୀ ଅଲଂକୃତ ଓ ସୁସଜ୍ଜିତ ହିଲି । ବିନ୍ଦୁତୀର୍ଣ୍ଣ ରାଜପଥ, ସ୍ଵର୍ଧାଧବଳିତ ଭବନ ଓ ଚତୁର୍ପାଦବରସ୍ଥ ଆୟ୍ମ ନୀପ ଅଶୋକ ଚମ୍ପକ ବକୁଳ ପ୍ରତ୍ତିତ ବ୍ରକ୍ଷରାଜି ଅବଲୋକନ କରିଯା ପାନ୍ଦବଗଣ ପରମ ପ୍ରୀତ ହିଲେନ ।

ପାନ୍ଦବଦେର ଆଗମନ-ସଂବାଦେ ତଥାର ବହୁ ବ୍ରାହ୍ମଣ ବିଗକ୍ ଓ ଶିଳ୍ପୀ ବାସ କରିତେ ଆସିଲା । କୁକ୍ଷ ଓ ବଲଦେବ ପାନ୍ଦବଦିଗକେ ରାଜ୍ୟାଭିଷିକ୍ତ ଦେଇଯା ବିଦୟା ଲହିଯା ମ୍ୱାରକାଯ ପ୍ରତିଗମନ କରିଲେନ । ସତାପ୍ରାତିଷ୍ଠା ସ୍ଵର୍ଧିଷ୍ଠିତ ସିଂହାସନରୁଚ ହିଯା ଭ୍ରାତ-ଚତୁର୍ଷୟ-ସର୍ବଭିବ୍ୟାହାରେ ଧର୍ମାନ୍ତସାରେ ପ୍ରଜାପାଲନ କରିତେ ଲାଗିଲେନ ।

୮

ଏକଦା କୁକ୍ ଶିଳ୍ପନିପୁଣ୍ୟ ମରଦାନବକେ ଆଦେଶ କରିଲେନ, “ହେ ଶିଳ୍ପକର୍ମବିଶାରଦ, ତୁମ ମହାରାଜ ସ୍ଵର୍ଧିଷ୍ଠିତରେ ଜନ୍ୟ ଖାନ୍ଦବପଥେ ଏମନ ଏକ ସଭା ନିର୍ମାଣ କରିଯା ଦାଓ, ଯାହା କେହ ପୂର୍ବେ ଦେଖେ ନାହିଁ ଏବଂ ବହୁ ଚେଷ୍ଟାଯାଓ ଭବିଷ୍ୟତେ ଅନୁକରଣ କରିତେ ସନ୍ଧମ ହିବେ ନା ।”

ମରଦାନବ କୁକ୍ଷେର ଏଇ ଅନୁଭ୍ରାତ ପ୍ରାପ୍ତ ହିଯା ସଭାନିର୍ମାଣେ ଆରୋଜନେ ପ୍ରବୃତ୍ତ ହିଲି ।

ମରଦାନବ ପୂର୍ବୋତ୍ତର ଦିଗ୍-ବିଭାଗେ ପ୍ରସ୍ଥାନ କରିଯା କୈଲାସେ ଉତ୍ତରାଂଶେ ମୈନାକ-ସାନ୍ଧିଧାନେ ଦାନବରାଜ୍ୟାନ୍ତଗତ ଏକ ସୁମହାନ ପର୍ବତେ ଉପନୀତ ହିଲି । ଅଦ୍ରାମ୍ବିତ ବିନ୍ଦୁନାମକ ସରୋବରେର ନିକଟେ ପୂର୍ବେ ଦାନବଗଣ ଏକ ମହାଯତ୍ତ ଅନୁଷ୍ଠାନ କରେନ, ତଦ୍ବ୍ଲୟକେ ରାଚିତ ସଭାମନ୍ତପେର ଅତ୍ୟାଶ୍ଚର୍ଯ୍ୟ ଦ୍ରବ୍ୟାସମ୍ଭାର ତଥାର ରାଶିତ ଛିଲ ।

ଇହା ହିଲେ ଇଚ୍ଛାନ୍ତର୍ପ ଦ୍ରବ୍ୟଜାତ ଆହରଣପୂର୍ବକ ମଯ ଖାନ୍ଦବପଥେ ଉପସିଥିତ ହିଯା ସ୍ଵର୍ଧିଷ୍ଠିତରେ ସହିତ ସାକ୍ଷାତ କରିଲ ଏବଂ ତାହାର ମ୍ୱାରା ସ୍ଵେଚ୍ଛା ସଂକ୍ରତ

ହଇଯା ପ୍ରଗାନ୍ଧିବସେ ସଭାଭୂମିର ପରିସର ପଣେହମ୍ବ ହୁକୁ ପରିମାପ କରିଯା କୁଫେର ଅଭିପ୍ରାୟ ଅନୁସାରେ କତକ ଦିବ୍ୟ କତକ ମାନ୍ୟ କତକ ଆସୁରାଛିଲେ ଏକ ଅଲୋକ-ସାମାନ୍ୟ ସ୍ଵର୍ଗମୟ ଅତୁମ୍ଭତ ବୃକ୍ଷାକାର-ସତମ୍ଭ-ରଙ୍ଗିତ ର୍ମଣ୍ୟାଚିତ ସଭାମ୍ବଦ୍ଧପ-ନିର୍ମାଣକାର୍ଯ୍ୟ ଆରମ୍ଭ କରିଲା ।

କ୍ରମେ ମନ୍ଦପରେ ବିବିଧ କ୍ଷଟିକ-ର୍ମଣ୍ୟାଚିକ୍ୟ-ଅଲଂକୃତ କୁଟ୍ଟିମ ଓ ଭିନ୍ତି ଅପ୍ରବେଶୀଭୂତ ଧାରଣ କରିତେ ଲାଗିଲା । ସଭାର ମଧ୍ୟେ କ୍ଷଟିକମୟସୋପାନବିଶିଷ୍ଟ ଓ ରହୁ-ର୍ମଣ୍ଡତ-ପରିସର-ବୈଦିକା-ଶୋଭିତ ଏକ ସ୍ବଚ୍ଛଜଳ କୃତ୍ରିମ ସରୋବର ସମ୍ମବେଶିତ ହଇଲା । ମନ୍ଦପେର ଚତୁର୍ଦ୍ଦିକ୍-ଚିଥିତ ଭୂମି—ପଞ୍ଚବିଶିଷ୍ଟ ବିବିଧ ପ୍ରକାରଣୀ, ଛାଯା-ମ୍ମପନ ତରୁରାଜି ଓ ସ୍ଵର୍ଣ୍ଣଭ କାନନେର ଦ୍ୱାରା ଅଲଂକୃତ ହେଉଥାଏ ଜଳଜ ସ୍ଥଳଜ୍ଞ ପ୍ରତ୍ୟାମନିଷ୍ଠ ସମୀରଣେ ସଭାସ୍ଥଳୀ ଆମୋଦିତ ହଇଯା ଉଠିଲା ।

ଏ ଦିକେ ଚତୁର୍ଦ୍ଦିଶ ମାସ ଅବିଶ୍ରାନ୍ତ କାର୍ଯ୍ୟ ବ୍ୟାପ୍ତ ଥାକିଯା ଅବଶେଷେ ମର୍ଯ୍ୟାନବ ସ୍ଥାଧିଷ୍ଠିତରକେ ସଭାସମାପ୍ତର ସଂବାଦ ପ୍ରେରଣ କରିଲେ ଧର୍ମରାଜ ପ୍ରୀତ ହଇଯା ନାନା-ଦିଗ୍-ଦେଶାଗତ ବ୍ରାହ୍ମଗଣକେ ଧୃତ ପାଯିବ ଫଳମୂଳ ମୃଗମାଂସାଦି ଭୋଜନ ଓ ବସ୍ତ୍ର-ମାଲ୍ୟାଦିଦାନେ ପରିତ୍ତ କରିଯା ସଭାପ୍ରେବେଶ କରିଲେନ । ତଥାଯ ଗଗନମ୍ପାଶୀଏ ପ୍ରଗ୍ୟାହଧିନିତେ ଉଦ୍ବୋଧିତ ହଇଯା ଗୀତବାଦ୍ୟପ୍ରଗାନ୍ଧିର ଦ୍ୱାରା ଦେବାଚନ୍ନା ଓ ଦେବ-ସ୍ଥାପନା କରିଲେନ ।

ଏକଦା ରାଜା ଦୂର୍ଯ୍ୟୋଧନ ଶକୁନିର ସହିତ ପ୍ରମଗ କରିତେ କ୍ରମେ କ୍ରମେ ସ୍ଥାଧିଷ୍ଠିତରେର ମର୍ଯ୍ୟାନବନିର୍ମିତ ସଭାର ସୌନ୍ଦର୍ଯ୍ୟ-ସକଳ ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରିତେ ଲାଗିଲେନ । ତିନି ତାହାତେ ଯେ-ସକଳ ଅତ୍ୟାଶ୍ଚର୍ଯ୍ୟ ନିର୍ମାଣଚଛନ୍ଦ ଦେଖିତେ ପାଇଲେନ, ତାହା ତୃପ୍ତବେର୍ବେ କଥନେ ଦୃଷ୍ଟିଗୋଚର କରେନ ନାଇ ।

ଏକ ଗ୍ରେ କ୍ଷଟିକମୟ କୁଟ୍ଟିମେ କ୍ଷଟିକଦଲଶାଲିନୀ ପ୍ରଫଳନାଲିନୀ ଦେଖିଯା ଜଳପ୍ରମେ ତଥାଯ ସନ୍ତପ୍ତିରେ ପଦବିକ୍ରେପ କରିତେ ଗିଯା ସହସା ଭୂପତିତ ହଇଲେନ । ଇହାତେ ଭୀମ ଓ ତାହାର ଅନୁଚରବର୍ଗ ହାସ୍ୟ କରିଲେନ ।

ଆର ଏକ ସମୟେ କ୍ଷଟିକମୟ ଭିନ୍ତିତେ ଦ୍ୱାରା ଭ୍ରମ କରିଯା ତଥା ହିତେ ବହିଗମନେର ଚେଷ୍ଟା କରାଯ ମନ୍ତକେ କଠିନ ଆଧାତ ପ୍ରାୟତ ହଇଯା ବିଦ୍ୟାଗିରିତ ହଇଲେ ସହଦେବ ଦ୍ୱାରଗନେ ଆସିଯା ତାହାକେ ଧାରଣ କରିଲେନ ।

ପରେ କୃତ୍ରିମ ସରୋବରେର ସ୍ବଚ୍ଛ ଜଳକେ କ୍ଷଟିକ ଭାବିଯା ସବସ୍ତେ ତାହାତେ ପାତିତ ହଇଲେନ । ତଥନ ଭୀମାର୍ଜନ ବା ନକୁଳ-ସହଦେବ କେହିଇ ହାସ୍ୟ ସଂବରଣ କରିତେ ପାରେନ ନାଇ । ଦେ ସମୟେ ସ୍ଥାଧିଷ୍ଠିତରେର ଆଜ୍ଞାଯ କିଞ୍ଚକରଗଣ ସହର ଉତ୍ତମୋତ୍ସମ ସହସ୍ର ଆନିଯା ତାହାକେ ପ୍ରଦାନ କରିଲ ।

ଇହାର ପର ଦୂର୍ଯ୍ୟୋଧନ ଆର ବ୍ୟାଧିକ୍ଷିତର ରାଖିତେ ନା ପାରିଯା ସର୍ବତ୍ରେ ଜଳଭାଗେ ସ୍ଥଳେର ଏବଂ ସ୍ଥଳଭାଗେ ଜଳେର ଆଶଙ୍କା କରିତେ ଲାଗିଲେନ ଏବଂ ସ୍ଥାନେ ସ୍ଥାନେ

